ট্রান্সপারেন্সি
ইন্টারন্যাশনাল
বাংলাদেশ
দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন

# ভূমি সেবায় সুশাসনঃ

## কমিউনিটি মনিটরিং থেকে প্রাপ্ত তথ্য-উপাত্ত বিশ্লেষণ ও সুপারিশ

১৮ অক্টোবর ২০২৫

## ভূমি সেবায় সুশাসন: কমিউনিটি মনিটরিং থেকে প্রাপ্ত তথ্য-উপাত্ত বিশ্লেষণ ও সুপারিশ


**প্রতিবেদন উপদেষ্টা**

**ড. ইফতেখারুজ্জামান**, *নির্বাহী পরিচালক, ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ*

**ড. সুমাইয়া খায়ের**, *উপদেষ্টা, নির্বাহী ব্যবস্থাপনা, ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ*

**প্রতিবেদন তত্ত্বাবধান**

**মুহাম্মদ বদিউজ্জামান**, *পরিচালক, রিসার্চ অ্যান্ড পলিসি, ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ*

**প্রতিবেদন সম্পাদনা**

**মো. মাহ্ফুজুল হক**, *সিনিয়র রিসার্চ ফেলো, রিসার্চ অ্যান্ড পলিসি, ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ*

**প্রতিবেদন প্রণয়ন**

**মুহা. নূরুজ্জামান ফরহাদ**, *রিসার্চ এসোসিয়েট-কোয়ান্টিটেটিভ, রিসার্চ অ্যান্ড পলিসি, ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ*



**কৃতজ্ঞতা**

টিআইবি'র পার্টিসিপেটরি অ্যাকশন অ্যাগেইনস্ট করাপশন: টুওয়ার্ডস ট্রান্সপারেন্সি অ্যান্ড অ্যাকাউন্টেবিলিটি (প্যাক্টা) প্রকল্পের আওতায় গঠিত ৪৫টি অ্যাকটিভ সিটিজেনস গ্রুপের (এসিজি) প্রত্যেক সদস্য যারা অক্লান্ত পরিশ্রম করে বিভিন্ন ভূমি অফিস পর্যবেক্ষণের মাধ্যমে অফিস সমূহের সমস্যা চিহ্নিতকরণ এবং তা সমাধানের জন্য প্যাকট্যাপ-এর মাধ্যমে তথ্য সংগ্রহে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছেন তাদের জানাই আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা। বিভিন্ন ভূমি অফিসের কর্মচারীবৃন্দ যারা তাঁদের মূল্যবান মতামত, অভিজ্ঞতা ও বিভিন্ন বিষয়ে তথ্য-উপাত্ত দিয়ে সহায়তা করেছেন তাঁদের সকলের প্রতি আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করছি। টিআইবি'র সিভিক এনগেজমেন্ট বিভাগের প্রত্যেক সদস্য যাদের তত্ত্বাবধানে এসিজি'র কর্যক্রম পরিচালিত হচ্ছে এবং সংশ্লিষ্ট এলাকার এরিয়া কো-অর্ডিনেটর ও সচেতন নাগরিক কমিটি'র (সনাক) সদস্যগণ যারা এই কর্যক্রমে সহায়তা করেছেন তাদের সকলের প্রতি জানাই আন্তরিক কৃতজ্ঞতা। প্রয়োজনীয় দিকনির্দেশনা ও মতামত দিয়ে প্রতিবেদনটিকে সমৃদ্ধ করার জন্য টিআইবি'র নির্বাহী পরিচালক ড. ইফতেখারুজ্জামান, অধ্যাপক ড. সুমাইয়া খায়ের, উপদেষ্টা, নির্বাহী ব্যবস্থাপনা এবং টিআইবি'র নির্বাহী ব্যবস্থাপনা কমিটির অন্যান্য সদস্যের প্রতি বিশেষভাবে ধন্যবাদ জ্ঞাপন করছি। গবেষণা প্রতিবেদনটি তত্ত্বাবধানসহ প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদানের জন্য রিসার্চ অ্যান্ড পলিসি বিভাগের পরিচালক মুহাম্মদ বদিউজ্জামান-এর প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করছি। এছাড়া, তথ্য সংগ্রহে জড়িত ইয়েস সদস্যদের নিকট আমরা আন্তরিকভাবে কৃতজ্ঞ। প্রতিবেদনের উপস্থাপনার ওপর মূল্যবান মতামত ও পরামর্শ প্রদানের মাধ্যমে প্রতিবেদনের উৎকর্ষ সাধনে অবদান রাখার জন্য রিসার্চ অ্যান্ড পলিসি বিভাগের অন্যান্য সহকর্মীসহ অন্যান্য বিভাগের সহকর্মীর প্রতিও জানাই আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা।



**যোগাযোগ**

ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি)
মাইডাস সেন্টার (৪র্থ ও ৫ম তলা)
বাড়ি # ৫, সড়ক # ১৬, ধানমন্ডি, ঢাকা-১২০৯
ফোন: (+৮৮০-২) ৪১০২১২৬৭-৭০
ফ্যাক্স: (+৮৮০-২) ৪১০২১২৭২;
ই-মেইল: info@ti-bangladesh.org
ওয়েবসাইট: https://www.ti-bangladesh.org

# সূচিপত্র


মুখবন্ধ ........ ১
প্রথম অধ্যায় ........ ১
ভূমিকা ........ ১
১.১ প্রেক্ষাপট ও যৌক্তিকতা ........ ১
১.২ কমিউনিটি মনিটরিংয়ের মাধ্যমে তথ্য সংগ্রহ ........ ১
১.৩ কমিউনিটি মনিটরিংয়ের উদ্দেশ্য ........ ২
১.৪ কমিউনিটি মনিটরিংয়ের পরিধি ........ ২
১.৫ কমিউনিটি মনিটরিংয়ের সময়কাল ........ ২
দ্বিতীয় অধ্যায় ........ ৩
গবেষণা পদ্ধতি ........ ৩
২.১ তথ্যের উৎস ........ ৩
২.২ কমিউনিটি মনিটরিং ব্যবস্থাপনা ও তথ্যের মান নিয়ন্ত্রণ ........ ৪
২.৩ তথ্য প্রক্রিয়াজাতকরণ ও বিশ্লেষণ ........ ৫
২.৪ ভূমি অফিস ভবন চিহ্নিত করণ ........ ৫
২.৫ প্রতিবেদন কাঠামো ........ ৫
তৃতীয় অধ্যায় ........ ৬
পর্যবেক্ষণের ফলাফল ........ ৬
৩.১ ভূমি অফিসের সেবাগ্রহীতা ........ ৬
৩.২ ভূমি অফিসের ভবন ........ ৬
৩.৩ ভূমি অফিসের অবকাঠামোগত সুযোগ-সুবিধা ........ ৭
৩.৩.১ শৌচাগারের সুবিধা ........ ৭
৩.৩.২ অবকাঠামোগত অন্যান্য সুযোগ-সুবিধা ........ ৭
৩.৪ ভূমি অফিস প্রদত্ত সেবাসমূহ ........ ৮
৩.৫ ভূমি অফিসে জনবল ........ ৯
৩.৬ চিহ্নিত সমস্যা ........ ৯
৩.৭ ভূমি অফিসভিত্তিক চিহ্নিত সমস্যার সংখ্যা ........ ১০
৩.৮ সমস্যা এবং তার কারণসমূহ ........ ১০
৩.৮.১ ভূমি সেবায় সময়ক্ষেপণ ........ ১০
৩.৮.২ প্রয়োজনীয় হালনাগাদ তথ্য না পাওয়া ........ ১১
৩.৮.৩ দালালের দৌরাত্ম্য ........ ১১
৩.৮.৪ অকার্যকর অভিযোগ নিরসন ব্যবস্থা ........ ১২
৩.৮.৫ ঘুষ বা নিয়মবহির্ভূত অর্থ আদায় ........ ১২
৩.৮.৬ অফিস চলাকালীন সময়ে কর্মচারীদের অনুপস্থিতি ........ ১৩
৩.৮.৭ সেবাগ্রহীতাদের সাথে কর্মীদের দুর্ব্যবহার ........ ১৩
৩.৮.৮ নারী ও প্রান্তিক জনগোষ্ঠী অনিয়ম ও দুর্নীতির শিকার হওয়া ........ ১৪
৩.৯ কমিউনিটি মনিটরিংয়ের অ্যাকশন মিটিংয়ে উত্থাপিত সমস্যা ........ ১৪
৩.১০ কমিউনিটি অ্যাকশন মিটিং এবং সমস্যা সমাধানে অধিপরামর্শ ........ ১৫
৩.১০.১ ভূমি সেবায় সময়ক্ষেপণ ........ ১৫
৩.১০.২ প্রয়োজনীয় হালনাগাদ তথ্য না পাওয়া ........ ১৫
৩.১০.৩ দালালের দৌরাত্ম্য ........ ১৫
৩.১০.৪ অকার্যকর অভিযোগ নিরসন ব্যবস্থা ........ ১৬
৩.১০.৫ ঘুষ বা নিয়মবহির্ভূত অর্থ আদায় ........ ১৬
৩.১০.৬ অফিস চলাকালীন সময়ে কর্মচারীদের অনুপস্থিতি ........ ১৬
৩.১০.৭ সেবাগ্রহীতাদের সাথে ভূমি অফিসের কর্মীদের দুর্ব্যবহার ........ ১৬

৩.১০.৮ নারী ও প্রান্তিক জনগোষ্ঠীর অনিয়ম ও দুর্নীতির শিকার হওয়া ........ ১৭
চতুর্থ অধ্যায় ........ ১৮
সার্বিক পর্যবেক্ষণ ও সুপারিশ ........ ১৮
৪.১ সার্বিক পর্যবেক্ষণ ........ ১৮
৪.২ সুপারিশ ........ ১৮
৪.২.১ আইন ও নীতিসম্পর্কিত ........ ১৮
৪.২.২ সেবার মান বৃদ্ধিসম্পর্কিত ........ ১৯
৪.২.৩ দুর্নীতি প্রাতরোধ ও শুদ্ধাচারসম্পর্কিত ........ ১৯
৪.২.৪ অভিযোগ নিরসন ব্যবস্থাসম্পর্কিত ........ ১৯
৪.২.৫ অবকাঠামো সংস্কারসম্পর্কিত ........ ২০
পরিশিষ্ট ........ ২১
পরিশিষ্ট-১: অবকাঠামোগত সংস্কার প্রয়োজন এমন ভূমি অফিসের তালিকা ........ ২১
পরিশিষ্ট-২: নারী কর্মীদের জন্য ব্যবহারযোগ্য পৃথক শৌচাগার নেই এমন ভূমি অফিসের তালিকা ........ ২১
পরিশিষ্ট-৩: সেবাগ্রহীতা নারী ও পুরুষের জন্য ব্যবহারযোগ্য পৃথক শৌচাগার নেই এমন ভূমি অফিসের তালিকা ........ ২২
পরিশিষ্ট-৪: নারী সেবাগ্রহীতাদের জন্য ব্যবহারযোগ্য পৃথক শৌচাগার নেই এমন ভূমি অফিসের তালিকা ........ ২২
পরিশিষ্ট-৫: বিশুদ্ধ খাবার পানির ব্যবস্থা নেই এমন ভূমি অফিসের তালিকা ........ ২৩
পরিশিষ্ট-৬: তথ্য অনুসন্ধান কেন্দ্র নেই এমন ভূমি অফিসের তালিকা ........ ২৩
পরিশিষ্ট-৭: জেনারেটর বা বিদ্যুতের বিকল্প কোনো ব্যবস্থা নেই এমন ভূমি অফিসের তালিকা ........ ২৪
পরিশিষ্ট-৮: প্রতিবন্ধিতাসহ ব্যক্তিদের জন্য পৃথক শৌচাগার নেই এমন ভূমি অফিসের তালিকা ........ ২৪
পরিশিষ্ট-৯: প্রতিবন্ধিতাসহ ব্যক্তিদের জন্য র‍্যাম্প সুবিধা নেই এমন ভূমি অফিসের তালিকা ........ ২৫
পরিশিষ্ট-১০: কর্মচারীদের কর্মস্থলে উপস্থিতি নিশ্চিত করার জন্য বায়োমেট্রিক ব্যবস্থা নেই এমন ভূমি অফিসের তালিকা ........ ২৬
পরিশিষ্ট-১১: ব্রেস্টফিডিং কর্নার নেই এমন ভূমি অফিসের তালিকা ........ ২৭
পরিশিষ্ট-১২: সেবা প্রদানে ঘাটতি রয়েছে এমন ভূমি অফিসের তালিকা ........ ২৮
পরিশিষ্ট-১৩: কানুনগো পদ শূন্য রয়েছে এমন ভূমি অফিসের তালিকা ........ ৩১
পরিশিষ্ট-১৪: কমপক্ষে ১টি শূন্য পদ রয়েছে এমন ভূমি অফিসের তালিকা ........ ৩২
পরিশিষ্ট-১৫: ভূমি সেবায় সময়ক্ষেপণ বিষয়ক সমস্যাটি চিহ্নিত হয়েছে এমন ভূমি অফিসের তালিকা ........ ৩৩
পরিশিষ্ট-১৬: প্রয়োজনীয় হালনাগাদ তথ্য না পাওয়া এই সমস্যাটি চিহ্নিত হয়েছে এমন ভূমি অফিসের তালিকা ........ ৩৪
পরিশিষ্ট-১৭: দালালের দৌরাত্ম্য এই সমস্যাটি চিহ্নিত হয়েছে এমন ভূমি অফিসের তালিকা ........ ৩৫
পরিশিষ্ট-১৮: অকার্যকর অভিযোগ নিরসন ব্যবস্থা বিষয়ক সমস্যাটি চিহ্নিত হয়েছে এমন ভূমি অফিসের তালিকা ........ ৩৬
পরিশিষ্ট-১৯: ঘুষ বা নিয়মবহির্ভূত অর্থ আদায় বিষয়ক সমস্যাটি চিহ্নিত হয়েছে এমন ভূমি অফিসের তালিকা ........ ৩৭
পরিশিষ্ট-২০: অফিস চলাকালীন সময়ে কর্মচারীদের অনুপস্থিতি বিষয়ক সমস্যাটি চিহ্নিত হয়েছে এমন ভূমি অফিসের তালিকা ........ ৩৮
পরিশিষ্ট-২১: সেবাগ্রহীতাদের সাথে কর্মীদের দুর্ব্যবহার বিষয়ক সমস্যাটি চিহ্নিত হয়েছে এমন ভূমি অফিসের তালিকা ........ ৩৯
পরিশিষ্ট-২২: নারী ও প্রান্তিক জনগোষ্ঠীর অনিয়ম ও দুর্নীতির শিকার বিষয়ক সমস্যাটি চিহ্নিত হয়েছে এমন ভূমি অফিসের তালিকা ........ ৪০
পরিশিষ্ট-২৩: ভূমি অফিসভিত্তিক চিহ্নিত সমস্যার সংখ্যা ........ ৪০

## সারণির তালিকা


সারণি ১: কমিউনিটি মনিটরিংয়ের আওতাভুক্ত ৪৬টি ভূমি অফিসের তালিকা ....................৩
সারণি ২: পর্যবেক্ষণের আওতাভুক্ত ভূমি অফিসসমূহের বছরভিত্তিক এবং বিভাগভিত্তিক অন্তর্ভুক্তি.................... ৪
সারণি ৩: প্রতিদিন সেবাগ্রহীতার সংখ্যার বিভাগভিত্তিক বণ্টন....................৬
সারণি ৪: কর্মচারীদের জন্য শৌচাগার.................... ৭
সারণি ৫: সেবাগ্রহীতাদের জন্য শৌচাগার .................... ৭
সারণি ৬: অবকাঠামোগত সুযোগ-সুবিধা .................... ৭
সারণি ৭: ভূমি অফিসে চিহ্নিত সমস্যা....................৯


## চিত্রের তালিকা


চিত্র ১: অফিস ভবনের অবকাঠামোগত অবস্থা .................... ৭
চিত্র ২: ভূমি অফিসে সেবার ঘাটতিসমূহ....................৮
চিত্র ৩: ভূমি অফিসে জনবল ঘাটতি....................৯
চিত্র ৪: ভূমি অফিসভিত্তিক চিহ্নিত সমস্যার সংখ্যা .................... ১০
চিত্র ৫: ভূমি সেবায় সময়ক্ষেপণের কারণসমূহ.................... ১০
চিত্র ৬: প্রয়োজনীয় হালনাগাদ তথ্য না পাওয়ার কারণসমূহ....................১১
চিত্র ৭: দালালের দৌরাত্ম্যের কারণসমূহ .................... ১২
চিত্র ৮: অকার্যকর অভিযোগ নিরসন ব্যবস্থার কারণসমূহ.................... ১২
চিত্র ৯: ঘুষ বা নিয়মবহির্ভূত অর্থ আদায়ের কারণসমূহ....................১৩
চিত্র ১০: অফিস চলাকালীন সময়ে কর্মচারীদের অনুপস্থিতির কারণসমূহ....................১৩
চিত্র ১১: সেবাগ্রহীতাদের সাথে কর্মীদের দুর্ব্যবহারের কারণসমূহ ....................১৪
চিত্র ১২: নারী ও প্রান্তিক জনগোষ্ঠী অনিয়ম ও দুর্নীতির শিকার হওয়ার কারণসমূহ....................১৪

# মুখবন্ধ

ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি) তার সার্বিক কার্যক্রম হিসেবে পাঁচ বছর মেয়াদী (জানুয়ারি ২০২২ - ডিসেম্বর ২০২৬) 'পার্টিসিপেটরি অ্যাকশন অ্যাগেইনস্ট করাপশন: টুওয়ার্ডস ট্রান্সপারেন্সি অ্যান্ড অ্যাকাউন্টেবিলিটি (প্যাক্টা)' শীর্ষক প্রকল্প বাস্তবায়ন করছে। এই প্রকল্পের অধীনে স্থানীয় পর্যায়ে নাগরিক সম্পৃক্ততা কর্মসূচির অংশ হিসেবে শিক্ষা, স্বাস্থ্য, ভূমি, পরিবেশ ও নির্মাণ খাতের সেবা প্রদান পর্যায়ে নাগরিক পরিবীক্ষণের (কমিউনিটি মনিটরিং) জন্য দেশের ৪৫টি অঞ্চলে টিআইবি'র অনুপ্রেরণায় কর্মরত সচেতন নাগরিক কমিটি (সনাক)-এর তত্ত্বাবধানে এবং ইয়ুথ এনগেজমেন্ট অ্যান্ড সাপোর্ট (ইয়েস)-এর সহযোগিতায় স্থানীয় সেবাগ্রহীতাদের (নারী-পুরুষ, যুব, পেশাজীবী, প্রান্তিক জনগোষ্ঠী) অংশগ্রহণে অ্যাকটিভ সিটিজেনস গ্রুপ (এসিজি) গঠন করা হয়েছে। মোবাইল অ্যাপভিত্তিক কমিউনিটি মনিটরিং-এর লক্ষ্য গুরুত্বপূর্ণ সেবা প্রদানকারী প্রতিষ্ঠানসমূহে বিদ্যমান সুশাসনকেন্দ্রিক সমস্যাসমূহ চিহ্নিত করা, সমস্যা সমাধানে সুপারিশ প্রণয়ন করা এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সঙ্গে সম্পৃক্ত থেকে সেবার মান উন্নয়ন এবং দুর্নীতি হ্রাসে কার্যকর উদ্যোগ গ্রহণ করা।

ভূমি বাংলাদেশের অন্যতম গুরুত্বপূর্ণ একটি সেবাখাত যা মানুষের পারিবারিক, সামাজিক এবং অর্থনৈতিক কর্মকাণ্ড ও জীবনাচরণের সাথে নিবিড়ভাবে সম্পর্কিত। ভূমি সেবায় জবাবদিহি ও সুশাসন নিশ্চিতকরাসহ সেবার গুণগত মান পর্যবেক্ষণ ও উন্নতির জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের উদ্যোগের পাশাপাশি স্থানীয় পর্যায়ে কমিউনিটির সক্রিয় অংশগ্রহণ গুরুত্বপূর্ণ। সরকারি এবং ব্যক্তিমালিকানাধীন ভূমির ব্যবস্থাপনার অন্যতম ক্ষেত্র সমূহ হচ্ছে ভূমি ক্রয়-বিক্রয়সহ মালিকানা হস্তান্তর, নিবন্ধন, ভূমি জরিপ, রেকর্ড ব্যবস্থাপনা ও সংরক্ষণ ইত্যাদি। সেবা প্রদান প্রক্রিয়ায় সুশাসন ও আধুনিকায়নের জন্য ইতোমধ্যে ভূমি সংশ্লিষ্ট বিভিন্ন সেবাকে ডিজিটালাইজেশন করার প্রক্রিয়া চলমান রয়েছে। তা সত্ত্বেও ভূমি খাতে বিবিধ অনিয়ম-দুর্নীতিসহ সুশাসনের ব্যাপক ঘাটতি বিদ্যমান।

প্যাক্টা প্রকল্পের অধীনে ২০২৩ সালের জানুয়ারি থেকে ২০২৪ সালের ডিসেম্বর পর্যন্ত ৪৬টি উপজেলা ভূমি অফিস কমিউনিটি মনিটরিংয়ের জন্য নির্বাচন করা হয়। অ্যাপভিত্তিক কমিউনিটি মনিটরিং ও কমিউনিটি অ্যাকশন মিটিং থেকে প্রাপ্ত তথ্য বিশ্লেষণ করে দেখা যায়, মনিটরিংয়ের অন্তর্ভুক্ত ৪৬টি উপজেলা ভূমি অফিসে বহুবিধ সমস্যা বিদ্যমান। এসিজিগুলো এসব ভূমি অফিসে ২০২৫ সালের ২৮ ফেব্রুয়ারি পর্যন্ত আট (৮) ধরনের সর্বমোট ২৭১টি সমস্যা চিহ্নিত করেছে যার মধ্যে স্থানীয় প্রচেষ্টায় ৪৭টি (১৭.৩%) সমস্যার সমাধান হয়েছে। তবে যেসব সমস্যা স্থানীয়ভাবে সমাধান সম্ভব হয়নি তার মধ্যে রয়েছে ভূমি অফিসসমূহে জনবলের ঘাটতি, দালালের দৌরাত্ম্য, সেবা প্রদানে বিলম্ব, প্রাসঙ্গিক ও হালনাগাদ তথ্য প্রকাশে ঘাটতি, অকার্যকর অভিযোগ নিষ্পত্তিব্যবস্থা, ঘুষ বা নিয়মবহির্ভূত অর্থ আদায়, সেবাগ্রহীতাদের সাথে কর্মীদের অশোভন আচরণ, অফিস চলাকালীন সময়ে কর্মচারীদের অনুপস্থিতি, নারী কর্মী ও সেবা গ্রহীতাদের জন্য কোনো পৃথক শৌচাগার না থাকা, নারী ও প্রান্তিক জনগোষ্ঠীর পরিচয়ের কারণে বিশেষভাবে অনিয়ম-দুর্নীতির শিকার হওয়াসহ বিবিধ সুশাসনের চ্যালেঞ্জ বিদ্যমান। এই প্রতিবেদনে চিহ্নিত সমস্যার সমাধান ও সেবার মান উন্নয়নে নীতিগত ও প্রাতিষ্ঠানিক পরিবর্তনের লক্ষে সুপারিশসমূহ প্রণয়ন করা হয়েছে। এই প্রক্রিয়াটি কেবল সমস্যা চিহ্নিতকরণের মধ্যে সীমাবদ্ধ নয়, বরং নাগরিক পরিবীক্ষণের মাধ্যমে স্থানীয় পর্যায় থেকে সমস্যা সমাধানের পাশাপাশি জাতীয় পর্যায়ে প্রতিষ্ঠানভিত্তিক তথ্য-নির্ভর অধিপরামর্শের মাধ্যমে সুশাসন প্রতিষ্ঠার একটি সমন্বিত প্রয়াস।

এই প্রতিবেদনে উপস্থাপিত তথ্য, বিশ্লেষণ ও সুপারিশসমূহ বাংলাদেশে ভূমি খাতের কার্যক্রমে, দুর্নীতি হ্রাস এবং সর্বোপরি শুদ্ধাচার নিশ্চিতে সংশ্লিষ্ট ভূমি অফিস, নীতি নির্ধারক এবং অংশীজনের জন্য সহায়ক হবে বলে আমাদের বিশ্বাস। প্রতিবেদনটির পরিবর্ধন, পরিমার্জন ও সংশোধনে পাঠকদের পরামর্শ সাদরে গৃহীত হবে।

এ প্রতিবেদনের মূল কৃতিত্ব এসিজি সদস্যদের যারা মাঠপর্যায়ে ভূমি খাতের কমিউনিটি মনিটরিংয়ের তথ্য প্যাকট্যাপের মতো একটি বিশেষায়িত অ্যাপের মাধ্যমে সংগ্রহ এবং পরবর্তীতে স্থানীয় কর্তৃপক্ষের সঙ্গে অধিপরার্মশ কার্যক্রম সাফল্যের সাথে সম্পাদন করেছেন। সনাকের তত্ত্বাবধানে এবং ইয়েস সদস্যদের সহযোগিতায় এই কার্যক্রমটি সুচারুভাবে সম্পন্ন হয়েছে। তাদের প্রতি আমার আন্তরিক কৃতজ্ঞতা। ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাই এই গবেষণায় অংশগ্রহণকারী ভূমি অফিসের কর্মী এবং সেবা গ্রহীতাদের যারা তথ্য প্রদান করে এসিজি এবং সনাক সদস্যদের সহায়তা করেছেন। প্রতিবেদনটি প্রণয়ন করেছেন টিআইবি'র গবেষক মুহা. নূরুজ্জামান ফরহাদ এবং প্রতিবেদন পর্যালোচনা ও পরিমার্জনে সহায়তা করেছেন সিনিয়র রিসার্চ ফেলো মো. মাহ্ফুজুল হক। তাদেরকে আমার আন্তরিক ধন্যবাদ। টিআইবি'র সিভিক এনগেজমেন্ট বিভাগের পরিচালক ফারহানা রহমানসহ এই বিভাগের কো-অর্ডিনেটর, ক্লাস্টার কো-অর্ডিনেটর ও এরিয়া কো-অর্ডিনেটরদের বিশেষ ধন্যবাদ যারা মাঠ পর্যায়ের তথ্য সংগ্রহ, তথ্যর গুণগত মান নিশ্চিত এবং প্রতিবেদন প্রণয়নের বিভিন্ন স্তরে মতামত প্রদান করে প্রতিবেদনের মানোন্নয়নে গুরুত্বপূর্ণ অবদান রেখেছেন। এছাড়াও কৃতজ্ঞতা জানাই টিআইবি'র আইটি বিভাগের সদস্যদের যারা প্যাকট্যাপের মাধ্যমে তথ্য সংগ্রহ ও সংরক্ষণ সংক্রান্ত কার্যক্রমে সার্বিক সহায়তা করেছেন। প্রতিবেদন প্রণয়নের বিভিন্ন স্তরে মতামত ও গুরুত্বপূর্ণ দিকনির্দেশনা প্রদানের জন্য টিআইবি'র উপদেষ্টা, নির্বাহী ব্যবস্থাপনা অধ্যাপক ড. সুমাইয়া খায়ের, ও রিসার্চ অ্যান্ড পলিসি বিভাগের পরিচালক মুহাম্মদ বদিউজ্জামানের প্রতি বিশেষ কৃতজ্ঞতা জ্ঞাপন করছি।

**ইফতেখারুজ্জামান**
নির্বাহী পরিচালক

# প্রথম অধ্যায়
# ভূমিকা

## ১.১ প্রেক্ষাপট ও যৌক্তিকতা

ভূমি খাত বাংলাদেশের একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ সেবাখাত, যা দেশের নাগরিকদের পারিবারিক, সামাজিক এবং অর্থনৈতিক কর্মকাণ্ডের সঙ্গে গভীরভাবে সংযুক্ত। ভূমি সংক্রান্ত সেবায় জবাবদিহিতা ও সুশাসন নিশ্চিত করার পাশাপাশি সেবার গুণগত মান পর্যবেক্ষণ ও উন্নয়নের জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের উদ্যোগের পাশাপাশি স্থানীয় পর্যায়ে কমিউনিটির সক্রিয় অংশগ্রহণ গুরুত্বপূর্ণ। সরকারি ও ব্যক্তিমালিকানাধীন ভূমির ব্যবস্থাপনা, বিশেষকরে, ভূমি ক্রয়-বিক্রয়সহ মালিকানা হস্তান্তর, নিবন্ধন, ভূমি জরিপ, রেকর্ড সংরক্ষণের মতো কার্যক্রমে ভূমি সেবার গুরুত্ব অনস্বীকার্য। এ খাত থেকে প্রতি বছর ভূমি উন্নয়ন কর, জলমহাল ও বালুমহাল ইজারা এবং তফসিলভুক্ত লীজ সম্পত্তি বাবদ সরকার উল্লেখযোগ্য পরিমাণ রাজস্ব আদায় করে। ভূমি সেবাকে জনবান্ধব ও কার্যকর করার লক্ষ্যে ইতোমধ্যে ভূমি সংক্রান্ত বিভিন্ন সেবা ডিজিটালাইজেশনের আওতায় আনার প্রক্রিয়া চলমান রয়েছে। ভূমি খাতের এই গুরুত্ব বিবেচনায় নিয়ে টিআইবি নিয়মিতভাবে ভূমি সেবার ওপর গবেষণা পরিচালনা করে এবং গবেষণায় চিহ্নিত সুশাসনের চ্যালেঞ্জগুলো উত্তরণে অধিপরামর্শমূলক কার্যক্রম গ্রহণ করে থাকে।

বর্তমানে টিআইবি তার সার্বিক কর্যক্রম হিসেবে পাঁচ বছর মেয়াদী (জানুয়ারি ২০২২ - ডিসেম্বর ২০২৬) 'পার্টিসিপেটরি অ্যাকশন অ্যাগেইনস্ট করাপশন: টুওয়ার্ডস ট্রান্সপারেন্সি অ্যান্ড অ্যাকাউন্টেবিলিটি (প্যাক্টা)' শীর্ষক প্রকল্প বাস্তবায়ন করছে। প্রকল্পের অন্যতম উদ্দেশ্য হলো স্থানীয় জনগণের সক্রিয় অংশগ্রহণ ও পরিবীক্ষণের (কমিউনিটি মনিটরিং) মাধ্যমে ভূমিসহ অন্যান্য গুরুত্বপূর্ণ সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের বিদ্যমান সমস্যাসমূহ চিহ্নিত করা এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে যৌথভাবে কাজ করে সমস্যাগুলোর সমাধানে নাগরিক পর্যায়ে উদ্যোগ গ্রহণ করা। এই ধারাবাহিকতায়, প্যাক্টা প্রকল্পের অধীনে শিক্ষা,স্বাস্থ্য, ভূমি এবং নির্মাণ খাতের কার্যক্রমে স্থানীয় পর্যায় পরিবীক্ষণের (কমিউনিটি মনিটরিং) জন্য দেশের ৪৫টি অঞ্চলে স্থানীয় সেবাগ্রহীতাদের (নারী-পুরুষ, যুব, পেশাজীবী, প্রান্তিক জনগোষ্ঠী) অংশগ্রহণে অ্যাকটিভ সিটিজেনস গ্রুপ (এসিজি) গঠন করা হয়েছে। এসিজিগুলো সচেতন নাগরিক কমিটি'র (সনাক) তত্ত্বাবধানে এবং ইয়ুথ এনগেজমেন্ট অ্যান্ড সাপোর্টের (ইয়েস) সহযোগিতায় এই খাতসমূহের কার্যক্রম সুশাসনের আঙ্গিকে মনিটরিংয়ের পাশাপাশি অংশগ্রহণমূলক গবেষণা ও অধিপরামর্শ করছে।

কমিউনিটি মনিটরিংয়ের অংশ হিসেবে এসিজিগুলো ২০২৩ সালের জানুয়ারি থেকে ২০২৪ সালের ডিসেম্বর পর্যন্ত ৪৬টি উপজেলা ভূমি অফিস নির্বাচন করেন এবং অফিসগুলোর সেবা কার্যক্রম মনিটরিং করেন। তাঁরা একটি নির্দিষ্ট ভূমি অফিসের সেবা প্রদানকারী এবং সেবাগ্রহীতার সাথে আলোচনার ভিত্তিতে সেবা প্রদানে সমস্যা এবং সমস্যার কারণসমূহ চিহ্নিত করেন। পরবর্তীতে সমস্যার সমাধানকল্পে প্রতিষ্ঠানভিত্তিক এবং স্থানীয় কর্তৃপক্ষের সাথে অধিপরামর্শ করেন। কমিউনিটি মনিটরিং কার্যক্রম পরিচালনার মধ্যেমে ভূমি অফিসসমূহের সেবা প্রদানে বিভিন্ন ধরণের অনিয়ম-দুর্নীতি চিহ্নিত হয়েছে। এর মধ্যে অধিক বিরাজমান সমস্যগুলো হলো- সেবা প্রদানে সময়ক্ষেপণ, দালালের দৌরাত্ম্য, ঘুষ বা নিয়মবহির্ভূত অর্থ আদায়, জনবলের ঘাটতি, কর্মী এবং সেবাগ্রহীতাদের জন্য শৌচাগার না থাকা, তথ্য বোর্ড এবং ওয়েবসাইটে প্রয়োজনীয় হালনাগাদ তথ্য প্রদান না করা ইত্যাদি। টিআইবি পরিচালিত 'জাতীয় খানা জরিপ ২০২৩' এর ফলাফল অনুযায়ী ভূমি খাত পঞ্চম শীর্ষ দুর্নীতিগ্রস্থ খাত হিসেবে চিহ্নিত হয় যেখানে সেবাগ্রহীতা খানার ৫১ শতাংশ বিভিন্ন ভূমি সেবা গ্রহণে অনিয়ম-দুর্নীতি ও হয়রানির শিকার হয়েছেন। এছাড়া, এ খাতে জাতীয়ভাবে মোট প্রাক্কলিত ঘুষের পরিমান ২ হাজার ৫১৩ কোটি টাকা।[১]

ভূমি খাতে দুর্নীতি এবং অনিয়ম বিদ্যমান থাকায় টিআইবি'র জাতীয় পর্যায়ে এ খাতের ওপর বিবিধ গবেষণা ও অধিপরামর্শ কার্যক্রমের পাশাপাশি স্থানীয় পর্যায়ে সনাকের মাধ্যমে বিবিধ কার্যক্রম পরিচালনা করছে। এরই ধারাবাহিকতায়, এই অংশগ্রহণমূলক পর্যবেক্ষণভিত্তিক গবেষণাটি পরিচালনা করা হয়েছে।

## ১.২ কমিউনিটি মনিটরিংয়ের মাধ্যমে তথ্য সংগ্রহ

- **এসিজি গঠন ও প্রশিক্ষণ:** নির্দিষ্ট অঞ্চলে প্রতিটি ভূমি অফিসকেন্দ্রিক স্থানীয় সেবাগ্রহীতা, নারী, যুব ও প্রান্তিক জনগোষ্ঠীকে অন্তর্ভুক্ত করে এসিজি গঠিত হয়। এসিজি'র সদস্যরা টিআইবি'র সহযোগিতায় প্রশিক্ষণ গ্রহণ করে ভূমি অফিস পরিবীক্ষণে অংশগ্রহণ করে।
- **তথ্য সংগ্রহে 'প্যাকট্যাপ' ব্যবহার:** ভূমি অফিস পরিবীক্ষণে 'প্যাকট্যাপ' নামক মোবাইল ফোন ভিত্তিক ডিজিটাল টুল ব্যবহার করে সেবা প্রদানের বিভিন্ন উপাদান ও মান সম্পর্কিত তথ্য সংগ্রহ ও সংরক্ষণ করা হয়।

[১] https://www.ti-bangladesh.org/nhs

- **নিয়মিত ও কাঠামোবদ্ধ পর্যবেক্ষণ:**
  - ⇒ এসিজি সদস্যরা একটি নির্দিষ্ট প্রশ্নমালার বিপরীতে ভূমি সেবা বিষয়ক তথ্য সংগ্রহ করেন। সেবা প্রদানে প্রয়োজনীয় সময়, কর্মচারীদের উপস্থিতি, নিয়মবহির্ভূত অর্থের লেনদেন, অবকাঠামো, সেবা প্রদানের পদ্ধতি ইত্যাদি বিষয় পর্যবেক্ষণ করেন।
  - ⇒ প্রাথমিকভাবে সংগৃহীত তথ্য টিআইবি'র সনাক অফিসের দায়িত্বপ্রাপ্ত একজন কর্মকর্তা কর্তৃক যাচাই-বাছাই করা হয়, এবং তথ্যের যথার্থতা নিশ্চিত করে অনুমোদন প্রদান সাপেক্ষে প্যাকট্যাপের তথ্য ভান্ডারে জমা হয়।
  - ⇒ তথ্য যাচাইয়ের পর এক থেকে দুই মাসের মধ্যে এসিএজি সদস্যরা পুনরায় একই ভূমি অফিস পরিদর্শন করেন। এ সময় তারা ভূমি অফিসে বিদ্যমান সমস্যাসমূহ, সমস্যার কারণ ও সম্ভাব্য সমাধানের দিকগুলো চিহ্নিত করেন।
  - ⇒ কমিউনিটি মনিটরিংয়ের পাশাপাশি স্থানীয় জনগণের সাথে কমিউনিটি অ্যাকশন মিটিং, গণশুনানি, নাগরিক সমাবেশসহ বিভিন্ন কর্মসূচির মধ্য দিয়ে সংশ্লিষ্ট ভূমি অফিসে সুশাসনের ঘাটতি ও সীমাবদ্ধতা চিহ্নিত করা হয়। এসব তথ্যও সনাক অফিসের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা যাচাই-বাছাই করেন, এবং সেগুলোর যথার্থতা নিশ্চিত করে অনুমোদন প্রদান করেন যা প্যাকট্যাপের তথ্য ভান্ডারে জমা হয়।
  - ⇒ পর্যবেক্ষণ থেকে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে এসিজি সদস্যরা সনাকের সহায়তায় স্থানীয় সেবাগ্রহীতা, স্থানীয় কর্তৃপক্ষ ও সংশ্লিষ্ট প্রশাসনের সাথে অধিপরামর্শ কার্যক্রম পরিচালনা করেন। কার্যক্রমগুলোর মধ্য অন্যতম হলো সমস্যা সমাধানে লিখিত সুপারিশসহ চিঠি ও ই-মেইল প্রেরণ এবং বৈঠক ও ফলোআপ আলোচনা। এসকল কার্যক্রমের মাধ্যমে সমস্যা সমাধানে কর্তৃপক্ষকে কার্যকর পদক্ষেপ গ্রহণে উদ্বুদ্ধ করা হয়।
  - ⇒ দীর্ঘস্থায়ী বা নীতিগত পর্যায়ের সমাধানযোগ্য নয় এমন সমস্যাসমূহ সনাক কর্তৃক টিআইবি'র ঢাকা অফিসে প্রেরণ করা হয় যার ভিত্তিতে টিআইবি নীতি সংস্কারসহ ভূমি খাতে সুশাসন নিশ্চিতে জাতীয় পর্যায়ে অধিপরামর্শ কার্যক্রম বাস্তবায়ন করে।
- **সনাক ও ইয়েস সদস্যদের সহায়তা:** এসিজি সদস্যদের মনিটরিং কার্যক্রমে স্থানীয় সনাক ও ইয়েস সদস্যরা সমন্বয় ও কারিগরি সহায়তা প্রদান করে।
- **নিয়মিত ফলোআপ ও পুনঃপরিদর্শন:** প্রতি মাসে মনিটরিংয়ের আওতাভুক্ত ভূমি অফিসগুলো পুনরায় পরিদর্শন করা হয়। এতে চিহ্নিত সমস্যাগুলোর সমাধান হয়েছে কিনা তা যাচাই করা হয়, এবং নতুন সমস্যা তৈরি হলে তা পুনরায় নথিভুক্ত করা হয়।
- **সমস্যা সমাধানে পর্যায়ক্রমিক পদক্ষেপ:** ভূমি অফিস পরিবীক্ষণের সময় চিহ্নিত কোনো সমস্যা এসিজি কর্তৃক স্থানীয়ভাবে সমাধান সম্ভব না হলে বিষয়টি সনাকের সহায়তায় উপজেলা বা জেলা পর্যায়ে উত্থাপন করা হয়। সমস্যাটি সমাধানে প্রয়োজনে টিআইবি কর্তৃক জাতীয় পর্যায়ে সংশ্লিষ্ট অংশীজনের সাথে অধিপরামর্শ করা হয়।

## ১.৩ কমিউনিটি মনিটরিংয়ের উদ্দেশ্য

ভূমি অফিসগুলোর সমস্যা চিহ্নিত করে তা সমাধানের চেষ্টা করাসহ সেবাগ্রহীতাদের সুষ্ঠু এবং সময়াবদ্ধ সেবা নিশ্চিতে পদক্ষেপ গ্রহণ করা।

পর্যবেক্ষণের সুনির্দিষ্ট উদ্দেশ্যসমূহ হলো -

১. সেবাগ্রহীতাদের সেবা গ্রহণে সমস্যা ও চ্যালেঞ্জসমূহ চিহ্নিত করা;
২. ভূমি অফিসগুলোর সেবা প্রদানে সমস্যা ও চ্যালেঞ্জসমূহ চিহ্নিত করা;
৩. সংশ্লিষ্ট ভূমি অফিস এবং নাগরিক উদ্যোগের যৌথ প্রয়াসে চিহ্নিত সমস্যার স্থানীয় পর্যায়ে সমাধানের পদক্ষেপ গ্রহণ করা;
৪. আইন ও নীতি সংস্কারসহ স্থানীয় পর্যায়ে সমাধান অযোগ্য সমস্যার সমাধানে জাতীয় পর্যায়ে সংশ্লিষ্ট অংশীজনের কাছে তথ্য প্রমাণভিত্তিক সুপারিশ প্রদান করা।

## ১.৪ কমিউনিটি মনিটরিংয়ের পরিধি

বাংলাদেশের ৮টি বিভাগের ৪৩টি জেলার ৪৬টি উপজেলা ভূমি অফিসে এই কমিউনিটি মনিটরিং কার্যক্রম পরিচালিত হয়েছে।

## ১.৫ কমিউনিটি মনিটরিংয়ের সময়কাল

মার্চ ২০২৩ - ফেব্রুয়ারি ২০২৫ সময়ে মনিটরিংয়ের আওতায় থাকা ৪৬টি উপজেলা ভূমি অফিস পরিবীক্ষণ করা হয়েছে।

# গবেষণা পদ্ধতি

নিবিড় পর্যবেক্ষণ পদ্ধতি ব্যবহার করে ভূমি অফিসগুলোর সেবা প্রদান ও গ্রহণে সুশাসন বিষয়ক তথ্য সংগ্রহ করা হয়েছে। এসিজির সদস্যরা উপজেলা ভূমি অফিসসমূহের সেবা গ্রহীতা এবং সেবা প্রদানকারীদের কার্যক্রম নিবিড়ভাবে পর্যবেক্ষণ করেছেন, এবং প্রাপ্ত তথ্য 'প্যাকট্যাপ' শীর্ষক ডিজিটাল টুল্‌সের মাধ্যেমে সংরক্ষণ করেছেন। কিছু ক্ষেত্রে এসিজির সদস্যরা সেবা গ্রহণে তাদের নিজস্ব অভিজ্ঞতা এবং প্রশিক্ষণে প্রাপ্ত জ্ঞানকে কাজে লাগিয়ে তথ্য সংগ্রহ করেছেন এবং যাচাই-বাছাইয়ের ভিত্তিতে তা গ্রহণ করেছেন।

## ২.১ তথ্যের উৎস

নিম্নোক্ত ৪৬টি উপজেলা ভূমি অফিস থেকে এসিজি কর্তৃক মনিটরিংয়ের মাধ্যমে তথ্য সংগ্রহ করা হয়েছে।

**সারণি ১: কমিউনিটি মনিটরিংয়ের আওতাভূক্ত ৪৬টি ভূমি অফিসের তালিকা**

| ক্রমিক নং | ভূমি অফিসের নাম | জেলা | বিভাগ |
|---|---|---|---|
| ১ | উপজেলা ভূমি অফিস, পিরোজপুর সদর | পিরোজপুর | বরিশাল |
| ২ | উপজেলা ভূমি অফিস, বরিশাল সদর | বরিশাল | বরিশাল |
| ৩ | উপজেলা ভূমি অফিস, ঝালকাঠি সদর | ঝালকাঠি | বরিশাল |
| ৪ | উপজেলা ভূমি অফিস, পটুয়াখালী সদর | পটুয়াখালী | বরিশাল |
| ৫ | উপজেলা ভূমি অফিস, বরগুনা সদর | বরগুনা | বরিশাল |
| ৬ | উপজেলা ভূমি অফিস, নালিতাবাড়ী | শেরপুর | ময়মনসিংহ |
| ৭ | উপজেলা ভূমি অফিস, মুক্তাগাছা | ময়মনসিংহ | ময়মনসিংহ |
| ৮ | উপজেলা ভূমি অফিস, ময়মনসিংহ সদর | ময়মনসিংহ | ময়মনসিংহ |
| ৯ | উপজেলা ভূমি অফিস, জামালপুর সদর | জামালপুর | ময়মনসিংহ |
| ১০ | উপজেলা ভূমি অফিস, লালমনির হাট সদর | লালমনিরহাট | রংপুর |
| ১১ | উপজেলা ভূমি অফিস, গাইবান্ধা সদর, গাইবান্ধা | গাইবান্ধা | রংপুর |
| ১২ | উপজেলা ভূমি অফিস, নীলফামারী সদর | নীলফামারী | রংপুর |
| ১৩ | উপজেলা ভূমি অফিস, কুড়িগ্রাম সদর | কুড়িগ্রাম | রংপুর |
| ১৪ | উপজেলা ভূমি অফিস, দিনাজপুর সদর | দিনাজপুর | রংপুর |
| ১৫ | উপজেলা ভূমি অফিস, রংপুর সদর | রংপুর | রংপুর |
| ১৬ | উপজেলা ভূমি অফিস, বগুড়া সদর | বগুড়া | রাজশাহী |
| ১৭ | উপজেলা ভূমি অফিস, নাটোর সদর | নাটোর | রাজশাহী |
| ১৮ | উপজেলা ভূমি অফিস, চাঁপাইনবাবগঞ্জ সদর | চাঁপাইনবাবগঞ্জ | রাজশাহী |
| ১৯ | থানা ভূমি অফিস, বোয়ালিয়া | রাজশাহী | রাজশাহী |
| ২০ | উপজেলা ভূমি অফিস, বাগেরহাট সদর | বাগেরহাট | খুলনা |
| ২১ | উপজেলা ভূমি অফিস, সাতক্ষীরা সদর | সাতক্ষীরা | খুলনা |
| ২২ | উপজেলা ভূমি অফিস, কুষ্টিয়া সদর | কুষ্টিয়া | খুলনা |
| ২৩ | সহকারী কমিশনার (ভূমি)-এর কার্যালয়, খুলনা সদর | খুলনা | খুলনা |
| ২৪ | সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়, যশোর সদর | যশোর | খুলনা |
| ২৫ | উপজেলা ভূমি অফিস, ঝিনাইদহ সদর | ঝিনাইদহ | খুলনা |
| ২৬ | উপজেলা ভূমি অফিস, লক্ষ্মীপুর সদর | লক্ষ্মীপুর | চট্টগ্রাম |
| ২৭ | উপজেলা ভূমি অফিস, আদর্শ সদর | কুমিল্লা | চট্টগ্রাম |
| ২৮ | উপজেলা ভূমি অফিস, চাঁদপুর সদর | চাঁদপুর | চট্টগ্রাম |
| ২৯ | উপজেলা ভূমি অফিস, চকরিয়া | কক্সবাজার | চট্টগ্রাম |
| ৩০ | উপজেলা ভূমি অফিস, রাঙ্গামাটি সদর | রাঙ্গামাটি | চট্টগ্রাম |
| ৩১ | উপজেলা ভূমি অফিস, খাগড়াছড়ি সদর | খাগড়াছড়ি | চট্টগ্রাম |
| ৩২ | উপজেলা ভূমি অফিস, পটিয়া | চট্টগ্রাম | চট্টগ্রাম |

| | | | |
|---|---|---|---|
| ৩৩ | কাট্টলী সার্কেল ভূমি অফিস, চট্টগ্রাম মহানগর | চট্টগ্রাম | চট্টগ্রাম |
| ৩৪ | সদর সার্কেল ভূমি অফিস, চট্টগ্রাম মহানগর | চট্টগ্রাম | চট্টগ্রাম |
| ৩৫ | উপজেলা ভূমি অফিস, ব্রাহ্মণবাড়িয়া সদর | ব্রাহ্মণবাড়িয়া | চট্টগ্রাম |
| ৩৬ | উপজেলা ভূমি অফিস, সুনামগঞ্জ সদর | সুনামগঞ্জ | সিলেট |
| ৩৭ | উপজেলা ভূমি অফিস, সিলেট সদর | সিলেট | সিলেট |
| ৩৮ | উপজেলা ভূমি অফিস, শ্রীমঙ্গল | মৌলভীবাজার | সিলেট |
| ৩৯ | উপজেলা ভূমি অফিস, সাভার | ঢাকা | ঢাকা |
| ৪০ | উপজেলা ভূমি অফিস, মাদারীপুর সদর | মাদারীপুর | ঢাকা |
| ৪১ | উপজেলা ভূমি অফিস, কিশোরগঞ্জ সদর | কিশোরগঞ্জ | ঢাকা |
| ৪২ | উপজেলা ভূমি অফিস, ফরিদপুর সদর | ফরিদপুর | ঢাকা |
| ৪৩ | উপজেলা ভূমি অফিস, মধুপুর | টাঙ্গাইল | ঢাকা |
| ৪৪ | উপজেলা ভূমি অফিস, রাজবাড়ী সদর | রাজবাড়ী | ঢাকা |
| ৪৫ | উপজেলা ভূমি অফিস, মুন্সিগঞ্জ সদর | মুন্সিগঞ্জ | ঢাকা |
| ৪৬ | সহকারি কমিশনার (ভূমি) এর কার্যালয়, গাজীপুর সদর | গাজীপুর | ঢাকা |

**সারণি ২: মনিটরিংয়ের আওতাভুক্ত ভূমি অফিসসমূহের বছরভিত্তিক এবং বিভাগভিত্তিক অন্তর্ভুক্তি**

| ভূমি অফিসের অন্তর্ভুক্তি (বছরভিত্তিক) | ভূমি অফিসের সংখ্যা | শতাংশ |
|---|---|---|
| **২০২৩** | ৪৪ | ৯৫.৬০ |
| **২০২৪** | ২ | ০.৪০ |
| ভূমি অফিসের অন্তর্ভুক্তি (বিভাগভিত্তিক) | ভূমি অফিসের সংখ্যা | শতাংশ |
| **বরিশাল** | ৫ | ১০.৮৭ |
| **চট্টগ্রাম** | ১০ | ২১.৭৪ |
| **ঢাকা** | ৮ | ১৭.৩৯ |
| **খুলনা** | ৬ | ১৩.০৪ |
| **ময়মনসিংহ** | ৪ | ৮.৭০ |
| **রাজশাহি** | ৪ | ৮.৭০ |
| **রংপুর** | ৬ | ১৩.০৪ |
| **সিলেট** | ৩ | ৬.৫২ |
| **মোট** | **৪৬** | **১০০** |

মনিটরিং-এ চট্টগ্রাম বিভাগের সর্বাধিক ১০টি ভূমি অফিস এবং ঢাকা বিভাগের ৮টি ভূমি অফিস থেকে তথ্য সংগ্রহ করা হয়েছে। এছাড়া, সিলেট বিভাগের ৩টি ভূমি অফিস থেকে তথ্য সংগ্রহ করা হয়ছে। উল্লেখ্য, ২০২৩ সালে ৪৪টি (৯৫.৬%) ভূমি অফিস এবং ২০২৪ সালে ২টি (৪.৪%) ভূমি অফিস কমিউনিটি মনিটরিংয়ের অন্তর্ভূক্ত হয়।

## ২.২ কমিউনিটি মনিটরিং ব্যবস্থাপনা ও তথ্যের মান নিয়ন্ত্রণ

- একটি নির্দিষ্ট সনাক অফিসের আওতায় ভূমি খাতসংশ্লিষ্ট কার্যক্রম মনিটরিংয়ের জন্য গঠিত এসিজি'র সদস্যরা সনাক-আওতাভুক্ত একটি নির্দিষ্ট উপজেলার ভূমি অফিস পর্যবেক্ষণ করেন।
- মনিটরিং-এ প্রাপ্ত তথ্য 'প্যাকট্যাপ'-এর মাধ্যমে লিপিবদ্ধ এবং সংরক্ষণ করে তা টিআইবি'র সনাক এরিয়া কো-অর্ডিনেটরের কাছে প্রেরণ করেন।
- সনাক এরিয়া কো-অর্ডিনেটর সেই তথ্য যাচাই-বাছাই করে অনুমোদন করেন অথবা বাতিল করেন।
- এসিজির সদস্যরা বাতিলকৃত তথ্য মাঠ পর্যায়ে পুনরায় মনিটরিং করে সংগ্রহ বা সংশোধণ করেন এবং প্যাকট্যাপের মাধ্যমে লিপিবদ্ধ ও সংরক্ষণ করে তা পুনরায় টিআইবি'র সনাক এরিয়া কো-অর্ডিনেটরের কাছে প্রেরণ করেন।
- তথ্য যাচাই-বাছাই সাপেক্ষে এরিয়া কো-অর্ডিনেটর কর্তৃক অনুমোদিত তথ্যই শুধুমাত্র বিশ্লেষণের জন্য ব্যবহার করা হয়েছে।

## ২.৩ তথ্য প্রক্রিয়াজাতকরণ ও বিশ্লেষণ

মনিটরিং থেকে প্রাপ্ত তথ্য বিশ্লেষণের জন্য ব্যবহারের পূর্বে দ্বিতীয় স্তরের যাচাই-বাছাই সম্পন্ন করা হয়। প্রাপ্ত তথ্যে কোনো অসামঞ্জস্যতা চিহ্নিত হলে তা মাঠ পর্যায়ে পুনরায় ক্রস-চেক এবং ব্যাকচেকের জন্য পাঠানো হয়। এক্ষেত্রে সিভিক এনগেজমেন্ট বিভাগের মাধ্যমে এসিজি কর্তৃক পর্যবেক্ষণকৃত ভূমি অফিসটি পুনরায় পরিদর্শন করা হয় এবং প্রাপ্ত তথ্য যথাযথ যাচাই-বাছাইয়ের মাধ্যমে গ্রহণ করা হয়। এর মাধ্যেমে তথ্যের অসামঞ্জস্যতা দূরকরাসহ তথ্যের গ্রহণযোগ্যতা এবং নির্ভরযোগ্যতা নিশ্চিত করা হয়। পরবর্তী স্তরে STATA এবং Excel সফটওয়্যার ব্যবহার করে তথ্য বিশ্লেষণ করা হয়। তথ্য বিশ্লেষণের কাজটি টিআইবি'র ঢাকা অফিসের গবেষণা দল কর্তৃক সম্পাদন করা হয়।

## ২.৪ ভূমি অফিস ভবন চিহ্নিত করণ

- **খুব ভাল:** নতুন বা নতুনের মতো, কোন ত্রুটি নেই, সম্পূর্ণ ব্যবহার উপযোগী।
- **ভাল:** ব্যবহার উপযোগী তবে কোনো কোনো ক্ষেত্রে রং/প্লাস্টার উঠে যাওয়া, দেওয়ালে শ্যাওলা বা দাগ রয়েছে।
- **মোটামুটি:** দরজা, জানালা, দেয়াল, মেঝে, সিঁড়িসহ বিভিন্ন জায়গায় ভাঙ্গা দৃশ্যমান। জরুরী সংস্কারের প্রয়োজনীয়তা রয়েছে।
- **ভাল না:** দরজা, জানালা, দেয়াল, মেঝে ইত্যাদি অধিকাংশ ভাঙ্গা এবং ব্যবহারের অনুপযোগী বা আংশিকভাবে পরিত্যাক্ত।
- **খুব খারাপ:** সকল কিছু ব্যবহার অনুপযোগী বা সম্পূর্ণ পরিত্যাক্ত। কোনো কোনো ক্ষেত্রে ব্যবহার করলে দুর্ঘটনাসহ স্বাস্থ্য ঝুঁকি রয়েছে।

## ২.৫ প্রতিবেদন কাঠামো

এই প্রতিবেদনের প্রথম অধ্যায়ে মনিটরিংয়ের প্রেক্ষাপট ও যৌক্তিকতা, উদ্দেশ্য এবং পরিধি সম্পর্কে আলোচনা করা হয়েছে। দ্বিতীয় অধ্যায়ে মনিটরিং পদ্ধতি এবং মনিটরিংয়ের বিস্তারিত বিবরণ রয়েছে। তৃতীয় অধ্যায়ে উপজেলা ভূমি অফিসের বর্তমান অবস্থা এবং সেবা প্রদানের ক্ষেত্রে বিভিন্ন সমস্যার উপর ভিত্তি করে প্রাপ্ত তথ্যের বিশ্লেষণ করা হয়েছে। চতুর্থ অধ্যায়ে গবেষণার সার্বিক পর্যবেক্ষণ ও সুপারিশমালা তুলে ধরা হয়েছে।

# পর্যবেক্ষণের ফলাফল

এ অধ্যায়ে মনিটরিংয়ের দ্বারা প্যাকট্যাপের মাধ্যমে সংগৃহীত তথ্য বিশ্লেষণ করা হয়েছে। সংগৃহীত তথ্য ও বিশ্লেষণের মধ্যে রয়েছে সেবাগ্রহীতার ধরণ ও বিভাগভিত্তিক বন্টন, ভূমি অফিসের অবকাঠামোগত অবস্থা, ভূমি অফিস প্রদত্ত সেবাসমূহ, ভূমি অফিসে জনবল ইত্যাদি।

## ৩.১ ভূমি অফিসের সেবাগ্রহীতা

সেবাগ্রহীতারা ভূমি সম্পর্কিত বিভিন্ন সেবা গ্রহণের জন্য প্রতিদিন ভূমি অফিসে আসেন। সার্বিকভাবে একটি ভূমি অফিসে প্রতিদিন গড়ে ১২৯ সেবাগ্রহীতা সেবা গ্রহণের জন্য আসেন। অফিসভেদে একটি ভূমি অফিসে সর্বোচ্চ ১ হাজার ৩০০ জন এবং সর্বনিম্ন ২০ জন সেবাগ্রহীতা সেবা গ্রহণের জন্য আসেন। পুরুষ সেবাগ্রহীতার ক্ষেত্রে প্রতিদিন গড়ে ৯৫ জন (সর্বোচ্চ ১ হাজার এবং সর্বনিম্ন ১৫ জন) এবং নারী সেবাগ্রহীতার ক্ষেত্রে প্রতিদিন গড়ে ৩৪ জন (সর্বোচ্চ ৩০০ জন এবং সর্বনিম্ন ৫ জন) সেবাগ্রহীতা সেবা গ্রহণের জন্য একটি ভূমি অফিসে উপস্থিত হন।

**সারণি ৩: প্রতিদিন সেবাগ্রহীতার সংখ্যার বিভাগভিত্তিক বন্টন**

| সেবাগ্রহীতা | গড় (জন) | | সর্বোচ্চ (জন) | সর্বনিম্ন (জন) |
|---|---|---|---|---|
| সার্বিক | ১২৯ | | ১,৩০০ | ২০ |
| পুরুষ সেবাগ্রহীতা | ৯৫ | | ১,০০০ | ১৫ |
| নারী সেবাগ্রহীতা | ৩৪ | | ৩০০ | ৫ |
| বিভাগভিত্তিক সেবাগ্রহীতা | ভূমি অফিসের সংখ্যা | গড় (জন) | সর্বোচ্চ (জন) | সর্বনিম্ন (জন) |
| বরিশাল | ৫ | ১৪১ | ২৫০ | ৬১ |
| চট্টগ্রাম | ১০ | ১১০ | ৩০০ | ২০ |
| ঢাকা | ৮ | ১০৫ | ১৮০ | ৪০ |
| খুলনা | ৬ | ৩৩০ | ১,৩০০ | ৩০ |
| ময়মনসিংহ | ৪ | ১২৫ | ৩০০ | ৫০ |
| রাজশাহী | ৪ | ৮৩ | ১৫০ | ২৫ |
| রংপুর | ৬ | ৫৩ | ৮০ | ২৬ |
| সিলেট | ৩ | ৫৭ | ৮০ | ৪২ |

বিভাগভিত্তিক বিশ্লেষণে দেখা যায়, বরিশালে মনিটরিংয়ের আওতায় থাকা ৫টি ভূমি অফিসে প্রতিদিন গড়ে ১৪১ জন এবং সর্বোচ্চ ২৫০ জন সেবা গ্রহণের জন্য উপস্থিত হন। সর্বোচ্চ খুলনা বিভাগে একটি ভূমি অফিসে প্রতিদিন গড়ে ৩৩০ জন সেবাগ্রহীতা আসেন এবং সর্বনিম্ন রংপুর বিভাগে গড়ে ৫৩ জন সেবাগ্রহীতা আসেন। চট্টগ্রাম বিভাগে মনিটরিংয়ের আওতায় থাকা ১০টি ভূমি অফিসে প্রতিদিন গড়ে ১১০ জন এবং সর্বোচ্চ ৩০০ জন সেবা গ্রহণের জন্য আসেন। ময়মনসিংহ, ঢাকা, রাজশাহী এবং সিলেট বিভাগে প্রতিদিন গড়ে যথাক্রমে ১২৫ জন, ১০৫ জন, ৮৩ জন এবং ৫৭ জন সেবাগ্রহীতা সেবা গ্রহণের জন্য ভূমি অফিসে উপস্থিত হন।

## ৩.২ ভূমি অফিসের ভবন

মনিটরিংয়ের আওতায় থাকা ৪৬টি উপজেলা ভূমি অফিসের মধ্যে ১টি (২.২%) ভূমি অফিসের (উপজেলা ভূমি অফিস, বগুড়া সদর) ভবন খুব খারাপ বা ঝুঁকিপূর্ণ অবস্থায় রয়েছে। অফিসটির দরজা, জানালা, দেয়াল, মেঝে ইত্যাদি ভাঙ্গা, এবং ব্যবহারের অনুপযোগী যা পরিত্যাক্ত অবস্থায় রয়েছে। উল্লেখ্য, অগ্নিসংযোগের কারণে এই অফিসের ভবন ক্ষতিগ্রস্থ হয়ে সম্পূর্ণ অকার্যকর হয়ে যায়। মোটামোটি অবস্থায় ২৪টি (৫২.২%), ভালো অবস্থায় ১৮টি (৩৯.১%), এবং খুব ভালো অবস্থায় ৩টি (৬.৫%) ভূমি অফিস চিহ্নিত হয়েছে। ২২টি (৪৭.৮%) ভূমি অফিসের অবকাঠামোগত কোনো সংস্কার হয়নি যার মধ্যে ১০টি ভূমি অফিসের ভবনগুলো ১৯৮৫ সালের পূর্বে নির্মাণ করা হয়েছে। এছাড়া, ১৩টি ভূমি অফিস মোটামোটি ক্যাটাগরিভুক্ত হয়েছে যার ভবনসমূহে কিছু অংশ ভাঙ্গা ও ব্যবহারের অনুপযোগী, এবং নির্মাণের পরে কোনো সংস্কার হয়নি (পরিশিষ্ট-১)।

চিত্র ১: অফিস ভবনের অবকাঠামোগত অবস্থা




## ৩.৩ ভূমি অফিসের অবকাঠামোগত সুযোগ-সুবিধা

### ৩.৩.১ শৌচাগারের সুবিধা

**সারণি ৪: কর্মচারীদের জন্য শৌচাগার**

| কর্মচারীদের জন্য শৌচাগার | ভূমি অফিসের সংখ্যা |
|---|---|
| ভূমি অফিসের কর্মচারীদের জন্য শৌচাগার নেই | ১ |
| নারী কর্মীদের জন্য ব্যবহারযোগ্য পৃথক শৌচাগার নেই | ২১ |

কর্মচারীদের জন্য ভূমি অফিসে শৌচাগারের ঘাটতি বিদ্যমান। উপজেলা ভূমি অফিস, খাগড়াছড়িতে ২০ জন কর্মচারী থাকলেও তাদের ব্যবহারের জন্য কোনো শৌচাগার নেই। নারী কর্মীদের জন্য ব্যবহার উপযোগী পৃথক শৌচাগার নেই ২১টি ভূমি অফিসে (পরিশিষ্ট-২)।

**সারণি ৫: সেবাগ্রহীতাদের জন্য শৌচাগার**

| সেবাগ্রহীতাদের জন্য শৌচাগার | ভূমি অফিসের সংখ্যা | গড় সেবাগ্রহীতার সংখ্যা |
|---|---|---|
| সেবাগ্রহীতাদের (নারী ও পুরুষ) জন্য ব্যবহারযোগ্য শৌচাগার নেই | ২১ | ১৫৬ (সর্বোচ্চ ১,৩০০) |
| নারী সেবাগ্রহীতাদের জন্য ব্যবহারযোগ্য পৃথক শৌচাগার নেই | ৩৪ | ৩৭ (সর্বোচ্চ ৩০০) |

২১টি ভূমি অফিসে নারী ও পুরুষ সেবাগ্রহীতাদের জন্য ব্যবহারযোগ্য কোনো শৌচাগার নেই (পরিশিষ্ট-৩)। ৩৪টি ভূমি অফিসে নারী সেবাগ্রহীতাদের জন্য ব্যবহারযোগ্য পৃথক কোনো শৌচাগার নেই যেখানে প্রতিদিন একটি অফিসে গড়ে ৩৭ জন নারী সেবাগ্রহীতা আসেন। কিছু অফিসে নারী সেবাগ্রহীতার সংখ্যা ৩০০ হলেও সেখানে নারীদের জন্য আলাদা ব্যবহার উপযোগী শৌচাগার নেই (পরিশিষ্ট-৪)।

### ৩.৩.২ অবকাঠামোগত অন্যান্য সুযোগ-সুবিধা

**সারণি ৬: অবকাঠামোগত সুযোগ-সুবিধা**

| সুযোগ-সুবিধার ধরণ | ভূমি অফিসের সংখ্যা | শতাংশ |
|---|---|---|
| বিশুদ্ধ খাবার পানির ব্যবস্থা নেই (পরিশিষ্ট-৫) | ৮ | ১৭.৪ |
| তথ্য-অনুসন্ধান কেন্দ্র নেই (পরিশিষ্ট-৬) | ৭ | ১৫.২ |
| জেনারেটর বা বিদ্যুতের বিকল্প ব্যবস্থা নেই (পরিশিষ্ট-৭) | ১৮ | ৩৯.১ |

| সুযোগ-সুবিধার ধরণ | ভূমি অফিসের সংখ্যা | শতাংশ |
|---|---|---|
| প্রতিবন্ধিতাসহ ব্যক্তিদের জন্য পৃথক শৌচাগার নেই (পরিশিষ্ট-৮) | ৪৩ | ৯৩.৫ |
| প্রতিবন্ধিতাসহ ব্যক্তিদের জন্য র‍্যাম্প সুবিধা নেই (পরিশিষ্ট-৯) | ৩৯ | ৮৪.৮ |
| কর্মীদের উপস্থিতি নিশ্চিতের জন্য বায়োমেট্রিক ব্যবস্থা নেই (পরিশিষ্ট-১০) | ৩৯ | ৮৪.৮ |
| ব্রেস্টফিডিং কর্ণার নেই (পরিশিষ্ট-১১) | ৪১ | ৮৯.১ |

মোট ৮টি ভূমি অফিসে (১৭.৪%) বিশুদ্ধ খাবার পানির ব্যবস্থা নেই। এছাড়া, ৭টি ভূমি অফিসে (১৫.২%) তথ্য কেন্দ্র নেই । ১৮টি ভূমি অফিসে (৩৯.১%) বিদ্যুৎ সরবরাহের বিকল্প ব্যবস্থা (যেমন জেনারেটর) নেই। মোট ৪৩টি ভূমি অফিসে (৯৩.৫ শতাংশ) প্রতিবন্ধীতাসহ ব্যক্তিদের ব্যবহারের জন্য আলাদা শৌচাগার নেই। মোট ৩৯টি ভূমি অফিসে (৮৪.৮ শতাংশ) প্রতিবন্ধিতাসহ ব্যক্তিদের জন্য সহায়ক যেমন হুইলচেয়ার ও র‍্যাম্প নেই। অন্যদিকে, ৩৯টি ভূমি অফিসে (৮৪.৮%) কর্মচারীদের উপস্থিতির তথ্য নথিভুক্ত করার জন্য স্বয়ংক্রিয় পদ্ধতিসম্পন্ন ব্যবস্থা (আঙুলের ছাপ বা বায়োমেট্রিক পদ্ধতি) নেই। মোট ৪১টি ভূমি অফিসে (৮৯.১ শতাংশ) শিশুদের মায়ের বুকের দুধ খাওয়ানোর জন্য নির্দিষ্ট স্থান নেই।

## ৩.৪ ভূমি অফিস প্রদত্ত সেবাসমূহ

ভূমি অফিসসমূহ বিবিধ ধরণের সেবা প্রদান করে যার মধ্যে অন্যতম হলো;

১. পর্চা প্রদান
২. জমির শ্রেণিবিভাগ পরিবর্তন
৩. জমির মালিকানা সনদ প্রদান
৪. ইজারাকৃত বালুমহাল, জলমহাল ও হাট-বাজার হস্তান্তর
৫. কৃষি খাসজমি বন্দোবস্ত
৬. হাট-বাজার ইজারা বন্দোবস্ত
৭. ভূমি উন্নয়ন কর গ্রহণ
৮. অকৃষি খাসজমি বন্দোবস্ত
৯. অর্পিত সম্পত্তি বন্দোবস্ত ও নবায়ন
১০. ভূমি সংক্রান্ত নথির প্রত্যয়িত কপি প্রদান
১১. খাসজমির সীমানা নির্ধারণ
১২. মিসকেস রিটার্ন
১৩. অবৈধ দখলদারদের উচ্ছেদ
১৪. নামজারি

**চিত্র ২: ভূমি অফিসে সেবার ঘাটতিসমূহ**




ভূমি অফিস কর্তৃক উপরিল্লিখিত সেবাসমূহ প্রদানে বিবিধ ঘাটতি বিদ্যমান। কমিউনিটি মনিটরিংয়ের আওতায় থাকা ৪৬টি ভূমি অফিসের মধ্যে মাত্র ৫টি ভূমি অফিস উপরিল্লিখিত ১৪টি সেবাই প্রদান করে। বাকি ৪১টি ভূমি অফিসে উল্লিখিত সবগুলো সেবা

প্রদান করা হয় না। বিশেষকরে, ৪৬টি ভূমি অফিসের মধ্যে ২৫টি অফিসে পর্চা প্রদান করা হয় না; ১৯টি অফিসে জমির শ্রেণিবিন্যাস পরিবর্তনসংক্রান্ত সেবা প্রদান করা হয় না; ১৭টি অফিসে জমির মালিকানা সনদ প্রদান করার ব্যবস্থা নেই; ১৩টি অফিসে ইজারাকৃত বালুমহাল, জলমহাল ও হাট-বাজার হস্তান্তর সংক্রান্ত সেবা দেওয়া হয় না; এবং ১৩টি অফিসে কৃষি খাসজমি বন্দোবস্ত সেবা প্রদান করা হয় না। এছাড়া, ১০টি ভূমি অফিসে হাট-বাজার ইজারা বন্দোবস্ত, ভূমি উন্নয়ন কর সংগ্রহ, অকৃষি খাসজমি বন্দোবস্ত এবং অর্পিত সম্পত্তি বন্দোবস্ত ও নবায়ন সেবা প্রদান করা হয় না। আরও উল্লেখযোগ্য যে, ৯টি ভূমি অফিসে ভূমি সংক্রান্ত নথিপত্রের নির্দিষ্ট প্রত্যয়িত কপি প্রদানের ব্যবস্থা নেই (পরিশিষ্ট-১২)।

## ৩.৫ ভূমি অফিসে জনবল

ভূমি অফিসসমূহের সময়াবদ্ধভাবে সেবা প্রদানে পর্যাপ্ত জনবলের সংকট একটি অন্যতম চ্যালেঞ্জ। কমিউনিটি মনিটরিংয়ের আওতায় থাকা ৪৬টি উপজেলা ভূমি অফিসের মধ্যে মাত্র ৩টি ভূমি অফিসে কাঠামো অনুসারে জনবল থাকলেও ২৩টি (৫০%) ভূমি অফিসে ৫ বা ৫-এর অধিক পদ শূন্য রয়েছে। এসকল অফিসে প্রতিদিন গড়ে ১৬০ জন সেবাগ্রহীতা আসেন। ২১টি (৪৫.৬%) ভূমি অফিসে কানুনগো পদটি শূন্য রয়েছে (পরিশিষ্ট-১৩)। অন্যদিকে, ৯টি, ১০টি, ১১টি এবং ১২টি করে শূন্য পদ রয়েছে ১টি করে ভূমি অফিসে। এছাড়া ২টি ভূমি অফিসে ৮টি করে শূন্য পদ রয়েছে (পরিশিষ্ট-১৪)।

**চিত্র ৩: ভূমি অফিসে জনবল ঘাটতি**




## ৩.৬ চিহ্নিত সমস্যা

২০২৩ সালের মার্চ মাস থেকে ২০২৫ সালের ফেব্রুয়ারি পর্যন্ত ৪৬টি উপজেলা ভূমি অফিসে ৮ ধরনের মোট ২৭১টি সমস্যা চিহ্নিত হয়েছে। চিহ্নিত সমস্যাগুলোর মধ্যে স্থানীয় পর্যায়ে ৪৭টি (১৭.৩%) সমস্যার সমাধান হয়েছে[২]। মোট ২৪টি ভূমি অফিসে স্থানীয় পর্যায়ে কোন না কোন সমস্যার সমাধান হলেও ২২টি ভূমি অফিসে স্থানীয় পর্যায়ে কোন সমস্যার সমাধান হয়নি।

**সারণি ৭: ভূমি অফিসে চিহ্নিত সমস্যা**

| সমস্যাসমূহ | সমস্যা | | সমাধান | |
|---|---|---|---|---|
| | সংখ্যা | শতাংশ | সংখ্যা | শতাংশ |
| ভূমি সেবায় সময়ক্ষেপণ | ৪৩ | ৯৩.৫ | ১০ | ২৩.৩ |
| প্রয়োজনীয় হালনাগাদ তথ্য না পাওয়া | ৩৯ | ৮৪.৮ | ১০ | ২৫.৬ |
| দালালের দৌরাত্ম্য | ৩৮ | ৮২.৬ | ২ | ৫.৩ |
| অকার্যকর অভিযোগ নিরসন ব্যবস্থা | ৩২ | ৬৯.৬ | ৫ | ১৫.৬ |
| ঘুষ বা নিয়মবহির্ভূত অর্থ আদায় | ৩২ | ৬৯.৬ | ৬ | ১৮.৮ |
| অফিস চলাকালীন সময়ে কর্মীদের অনুপস্থিতি | ৩১ | ৬৭.৪ | ৮ | ২৫.৮ |
| সেবাগ্রহীতাদের সাথে কর্মীদের দুর্ব্যবহার | ৩০ | ৬৫.২ | ৭ | ২৩.৩ |
| নারী ও প্রান্তিক জনগোষ্ঠীর অনিয়ম-দুর্নীতির শিকার | ২৬ | ৫৬.৫ | ৬ | ২৩.১ |

'ভূমি সেবায় সময়ক্ষেপণ' সমস্যাটি মোট ৪৬টি উপজেলা ভূমি অফিসের মধ্যে ৪৩টি (৯৩.৫%) অফিসে চিহ্নিত হয়েছে (পরিশিষ্ট-১৫)। স্থানীয় কর্তৃপক্ষের সঙ্গে অধিপরামর্শ পরিচালনার পরও ৩৩টি অফিসে এই সমস্যা বিদ্যমান। 'প্রয়োজনীয় হালনাগাদ তথ্য না পাওয়া' সমস্যাটি ৩৯টি (৮৪.৮%) ভূমি অফিসে চিহ্নিত হয়েছে (পরিশিষ্ট-১৬) যার মধ্যে ১০টি (২৫.৬ %) অফিসে স্থানীয় পর্যায়ে অধিপরামর্শের মাধ্যমে সমাধান হলেও অবশিষ্ট ২৯টি অফিসে এই সমস্যাটি বিদ্যমান রয়েছে । এটি দ্বিতীয় সর্বোচ্চ সমস্যা হিসেবে

[২] সমাধানের পরও কিছু সমস্যা পুনরায় আবার উদ্ভূত হয়েছে বা ফিরে এসেছে

চিহ্নিত হয়েছে। এছাড়া 'দালালের দৌরাত্ম্য' ৩৮টি (৮২.৬%) অফিসে চিহ্নিত হয়েছে (পরিশিষ্ট-১৭)। স্থানীয় কর্তৃপক্ষের সঙ্গে অধিপরামর্শের পরও ৩৬টি অফিসে এই সমস্যা বিদ্যমান রয়েছে । এটি স্থানীয় পর্যায়ে সবচেয়ে কম সমাধানযোগ্য সমস্যা হিসেবে চিহ্নিত হয়েছে। 'অকার্যকর অভিযোগ নিরসন ব্যবস্থা' ৩২টি (৬৯.৬ %) অফিসে চিহ্নিত হয়েছে (পরিশিষ্ট-১৮)। এর মধ্যে মাত্র ৫টি (১৫.৬%) অফিসে এ সমস্যা সমাধান হলেও ২৭টি অফিসে এই সমস্যাটি বিদ্যমান রয়েছে । 'ঘুষ বা নিয়মবহির্ভূত অর্থ আদায়' ও 'অফিস চলাকালীন সময়ে কর্মীদের অনুপস্থিতি' যথাক্রমে ৩২টি ও ৩১টি অফিসে চিহ্নিত হয়েছে (পরিশিষ্ট-১৯ ও ২০)। স্থানীয় পর্যায়ে অধিপরামর্শের মাধ্যমে সমাধানের চেষ্টার পরেও সমস্যাটি যথাক্রমে ২৬টি এবং ২৩টি ভূমি অফিসে বিদ্যমান রয়েছে। 'সেবাগ্রহীতাদের সঙ্গে কর্মীদের দুর্ব্যবহার' ৩০টি (৬৫.২%) ভূমি অফিসে চিহ্নিত হয়েছে (পরিশিষ্ট-২১), যার মধ্যে ২৩টি অফিসে স্থানীয় পর্যায়ে উদ্যোগের মাধ্যেমে সমস্যাটির সমাধান করা সম্ভব হয়নি। এছাড়া, 'নারী ও প্রান্তিক জনগোষ্ঠীর অনিয়ম-দুর্নীতির শিকার' ২৬টি (৫৬.৫%) ভূমি অফিসে চিহ্নিত হয়েছে (পরিশিষ্ট-২২) যার মধ্যে ২০টি অফিসে সমস্যাটি বিদ্যমান রয়েছে।

### ৩.৭ ভূমি অফিসভিত্তিক চিহ্নিত সমস্যার সংখ্যা

মনিটরিংয়ের অন্তর্ভুক্ত ৪৬টি উপজেলা ভূমি অফিসে বহুবিধ সমস্যা বিদ্যমান। সার্বিকভাবে ৪৬টি উপজেলা ভূমি অফিসে মোট ২৭১টি সমস্যা চিহ্নিত হয়েছে। এর মধ্যে ১৫টি ভূমি অফিসে মোট ৮ ধরণের সমস্যার সবকটি বিদ্যমান। উল্লেখ্য, এই ১৫টি (৩২.৬%) ভূমি অফিসেই মোট চিহ্নিত ২৭১টি সমস্যার ১২০টি সমস্যা বিদ্যমান যা মোট চিহ্নিত সমস্যার ৪৪ দশমিক ৩ শতাংশ। এছাড়া, ৬টি ভূমি অফিসে ৭টি এবং ৯টি ভূমি অফিসে ৬টি সমস্যা চিহ্নিত হয়েছে। ৫টি সমস্যা রয়েছে ৩টি ভূমি অফিসে, ৪টি সমস্যা রয়েছে ৫টি ভূমি অফিসে, এবং ৩টি সমস্যা রয়েছে ৪টি ভূমি অফিসে (পরিশিষ্ট-২৩)।

**চিত্র ৪: ভূমি অফিসভিত্তিক চিহ্নিত সমস্যার সংখ্যা**




### ৩.৮ সমস্যা এবং তার কারণসমূহ

#### ৩.৮.১ ভূমি সেবায় সময়ক্ষেপণ

ভূমি সেবায় সময়ক্ষেপণ বিষয়ক সমস্যাটি ৪৩টি (৯৩.৫%) ভূমি অফিসে চিহ্নিত হয়েছে। সমস্যাটির বিভিন্ন কারণ হয়েছে। এর মধ্যে দায়িত্বে অবহেলা এবং মনিটরিংয়ের ঘাটতি এই দুটি কারণে ভূমি সেবায় সময়ক্ষেপণ হয় বলে ২১টি ভূমি অফিস থেকে তথ্য পাওয়া যায়।

**চিত্র ৫: ভূমি সেবায় সময়ক্ষেপণের কারণসমূহ**



এছাড়া, ১৬টি অফিসে 'ডিজিটালাইজেশনের ঘাটতি', 'কর্মীদের সততার ঘাটতি' ১৬টি অফিসে এবং 'পদ্ধতিগত জটিলতা' ১২টি অফিসে উল্লেখযোগ্য কারণ হিসেবে চিহ্নিত হয়েছে। 'জনবলের ঘাটতি' ১৩টি অফিসে ভূমি সেবায় সময়ক্ষেপণের একটি কারণ হিসেবে চিহ্নিত হয়েছে। অন্যদিকে, ৪টি অফিসে 'লজিস্টিক্সের ঘাটতি' এবং 'কর্মীদের অফিস সময়সূচি না মানা' এই কারণে সেবা প্রদানে সময়ক্ষেপণ হয়।

### ৩.৮.২ প্রয়োজনীয় হালনাগাদ তথ্য না পাওয়া

প্রয়োজনীয় হালনাগাদ তথ্য না পাওয়া বিষয়ক সমস্যাটি ৩৯টি (৮৪.৮%) ভূমি অফিসে চিহ্নিত হয়েছে। ফলে সেবাগ্রহীতারা সেবা পেতে বিবিধ সমস্যার সম্মুখীন হন। ৩০টি ভূমি অফিসে সঠিক তথ্য প্রকাশ এবং প্রচারে ঘাটতি চিহ্নিত হয়েছে যাযা 'প্রয়োজনীয় হালনাগাদ তথ্য না পাওয়া' বিষয়ক সমস্যাটির প্রধান কারণ। এই সমস্যাটির আরেকটি কারণ হলো পর্যাপ্ত পরিবীক্ষণ বা মনিটরিংয়ের ঘাটতি যা ২১টি ভূমি অফিসে বিদ্যমান। এছাড়া, ১৩টি ভূমি অফিসে তথ্য প্রদানে দায়িত্বপ্রাপ্ত কর্মীদের পরিচয় (নাম, পদবি, যোগাযোগের বিবরণ) স্পষ্টভাবে প্রকাশ করা হয়নি। ফলে সেবাগ্রহীতারা তথ্য প্রদানকারী কর্মকর্তাকে সুনির্দিষ্ট করতে প্রতিবন্ধকতার সম্মুখিন হন। মোট ৯টি ভূমি অফিসে দায়িত্বপ্রাপ্ত কর্মীরা অফিসে উপস্থিত না থাকায় সেবাগ্রহীতারা তথ্য পেতে সমস্যার সম্মুখীন হয়েছেন বলে চিহ্নিত হয়েছে। তথ্য প্রদানকারী কর্মীদের সংশ্লিষ্ট আইন ও বিধিবিধান সম্পর্কে পর্যাপ্ত জ্ঞান না থাকায় সঠিক তথ্য সরবরাহ করতে পারেন না, এই কারণটি ৮টি ভূমি অফিসে চিহ্নিত হয়েছে।

**চিত্র ৬: প্রয়োজনীয় হালনাগাদ তথ্য না পাওয়ার কারণসমূহ**




### ৩.৮.৩ দালালের দৌরাত্ম্য

দালালের দৌরাত্ম্য বিষয়ক সমস্যাটি ৩৮টি (৮২.৬%) ভূমি অফিসে চিহ্নিত হয়েছে। ২০টি ভূমি অফিসের কিছু কর্মী নিজেরাই দালাল হিসেবে কাজ করেন বা দালালদের মতো আচরণ করেন, যা দালালের দৌরাত্ম্য বিষয়ক সমস্যাটির প্রধান কারণ হিসেবে চিহ্নিত হয়েছে। মোট ১৫টি ভূমি অফিসে কিছু কর্মচারী এবং দালালদের মধ্যে গোপন আঁতাত বা যোগসাজশ রয়েছে যা এই সমস্যাটির আরেকটি অন্যতম কারণ হিসেবে চিহ্নিত হয়েছে। এই যোগসাজশে দালালরা সেবাগ্রহীতাদের থেকে অনৈতকভাবে অতিরিক্ত অর্থ আদায় করে। অফিস চলাকালীন সময় কর্মীদের পরিচয়পত্র (আইডি কার্ড) পরিধান না করার কারণে এই সমস্যাটি চিহ্নিত হয়েছে ১৪টি ভূমি অফিসে। পরিচয়পত্র পরিধান না করায় সেবাগ্রহীতারা ভূমি অফিসের কর্মী এবং দালালদের মধ্যে পার্থক্য করতে পারে না। ফলে সেবাগ্রহীতারা দালালের খপ্পরে পড়েন। এছাড়া, ভূমি সেবা প্রদানকে কেন্দ্র করে ১৪টি ভূমি অফিসে শক্তিশালী দালাল চক্র গড়ে উঠেছে। রাজনৈতিক প্রভাবর কারণে দালালের দৌরাত্ম্যসহ অন্যায় কাজ করার সুযোগ তৈরি হয়েছে ৯টি ভূমি অফিসে। অন্যদিকে, প্রায়ই তথ্য কেন্দ্রে ভূমি অফিসের কর্মী থাকেন না, ফলে দালালরা নিজেদের প্রভাব বিস্তারের সুযোগ পায়। দালালের দৌরাত্ম্য বিষয়ক সমস্যাটির কারণ হিসেবে ৮টি ভূমি অফিসে তথ্য কেন্দ্রে কর্মী না থাকা চিহ্নিত হয়েছে।

চিত্র ৭: দালালের দৌরাত্মের কারণসমূহ




### ৩.৮.৪ অকার্যকর অভিযোগ নিরসন ব্যবস্থা

অকার্যকর অভিযোগ নিরসন ব্যবস্থা সমস্যাটি ৩২টি (৬৯.৬%) ভূমি অফিসে চিহ্নিত হয়েছে। অধিকাংশ ক্ষেত্রে সেবাগ্রহীতা অভিযোগ দায়েরের সঠিক নিয়ম বা প্রক্রিয়া সম্পর্কে অবগত নন। ফলে তারা অভিযোগ জানাতে পারেন না। আবার অভিযোগ জানালেও তা সঠিকভাবে নথিভুক্ত হয় না। সেবাগ্রহীতারা অভিযোগ দায়েরের সঠিক নিয়ম না জানার কারণে মোট ১৯টি ভূমি অফিসে অকার্যকর অভিযোগ নিরসন ব্যবস্থা সম্পর্কিত সমস্যাটি বিদ্যমান বলে চিহ্নিত হয়েছে। অভিযোগ নিষ্পত্তির ক্ষেত্রে কর্মীদের মধ্যে জবাবদিহিতা বা দায়িত্ববোধের ঘাটতি রয়েছে। এর ফলে অভিযোগগুলো গুরুত্বের সাথে বিবেচনায় নেওয়া হয় না এবং নিষ্পত্তি হতে বিলম্ব হয় বলে ১৯টি ভূমি অফিসে চিহ্নিত হয়েছে। অকার্যকর অভিযোগ নিরসন ব্যবস্থার পিছনে কারণগুলো মধ্যে আরও একটি কারণ হলো হয়রানির ভয়সহ প্রতিকার না পাওয়ার আশঙ্কা যা সেবাগ্রহীতাদের অভিযোগ দায়েরে অনাগ্রহ সৃষ্টি করে। ১১টি ভূমি অফিসে এমন কারণ চিহ্নিত হয়েছে। এছাড়া, অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তির জন্য যথাযথ প্রক্রিয়ার অভাব রয়েছে। অভিযোগ গ্রহণ করার জন্য নির্দিষ্ট ডেস্কসহ দায়িত্বপ্রাপ্ত কর্মীর অভাব রয়েছে ১০টি ভূমি অফিসে। ৯টি ভূমি অফিসে অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তির প্রক্রিয়া সঠিকভাবে পর্যবেক্ষণ বা তদারকি করা হয় না ফলে প্রক্রিয়াটি ধীরগতিতে চলতে থাকে এবং সমস্যাটির সমাধান হয় না।

চিত্র ৮: অকার্যকর অভিযোগ নিরসন ব্যবস্থার কারণসমূহ




### ৩.৮.৫ ঘুষ বা নিয়মবহির্ভূত অর্থ আদায়

৩২টি (৬৯.৬%) ভূমি অফিসে ঘুষ বা নিয়মবহির্ভূত অর্থ আদায় সমস্যাটি চিহ্নিত হয়েছে। এর মধ্যে ১৮টি ভূমি অফিসে তদারকির ঘাটতির কারণে কর্মীরা অন্যায়ভাবে অর্থ আদায় করার সুযোগ পান বলে চিহ্নিত হয়েছে। এছাড়া, ১৫টি ভূমি অফিসে সেবাগ্রহীতারা ঘুষ না দিলে প্রয়োজনীয় সেবা পান না তাই তারা বাধ্য হয়ে ঘুষ প্রদান করেন বলে চিহ্নিত হয়েছে। ১১টি ভূমি অফিসে দেখা যায় সেবাগ্রহীতারা ভূমি সেবার জন্য নির্ধারিত ফি সম্পর্কে না জানার কারণে ভূমি অফিসের কর্মীরা অতিরিক্ত অর্থ আদায় করেন। ঘুষ বা নিয়মবহির্ভূত অর্থ আদায় বিষয়ক সমস্যাটির কারণ হিসেবে ঘুষের বিরুদ্ধে কার্যকর পদক্ষেপ বা উপযুক্ত শাস্তির ঘাটতির কথা ৯টি ভূমি অফিস জানিয়েছে। ৬টি ভূমি অফিসে দেখা যায় ঘুষ লেনদেনের বিরুদ্ধে অভিযোগ জানানোর এবং তার প্রতিকার পাওয়ার জন্য

কার্যকর কোনো ব্যবস্থা নেই। এছাড়া, ৬টি ভূমি অফিসে নথিপত্রের জটিলতা বা সমস্যার কারণে সেবাগ্রহীতারা ঘুষ প্রদানের মাধ্যমে অনৈতিক সুবিধা নিয়ে থাকেন বলে চিহ্নিত হয়েছে।

**চিত্র ৯: ঘুষ বা নিয়মবহির্ভূত অর্থ আদায়ের কারণসমূহ**




### ৩.৮.৬ অফিস চলাকালীন সময়ে কর্মচারীদের অনুপস্থিতি

অফিস চলাকালীন সময়ে কর্মচারীদের অনুপস্থিতি সমস্যাটি ৩১টি (৬৭.৪%) ভূমি অফিসে চিহ্নিত হয়েছে। ভূমি অফিসগুলোতে কর্মীদের উপস্থিতি নিয়মিতভাবে তদারকি না করার ফলে ১৯টি ভূমি অফিসে কর্মীদের অনুপস্থিতর সমস্যাটি বিদ্যমান। কিছু কর্মী অফিসের নির্ধারিত সময়সূচী মেনে চলেন না, দেরিতে আসেন বা অফিস ছুটির আগেই বেরিয়ে যান এমন কারণ ১৪টি ভূমি অফিসে চিহ্নিত হয়েছে। কিছু কর্মী অফিসের বাইরে অন্যান্য ব্যক্তিগত বা সরকারি কাজে জড়িত থাকেন। ফলে তারা নিয়মিত অফিসে উপস্থিত থাকেন না বা থাকতে পারেন না এই কারণটি ১৩টি ভূমি অফিসে চিহ্নিত হয়েছে।

**চিত্র ১০: অফিস চলাকালীন সময়ে কর্মচারীদের অনুপস্থিতির কারণসমূহ**




### ৩.৮.৭ সেবাগ্রহীতাদের সাথে কর্মীদের দুর্ব্যবহার

সেবাগ্রহীতাদের সাথে কর্মীদের দুর্ব্যবহার বিষয়ক সমস্যাটি ৩০টি (৬৫.২%) ভূমি অফিসে চিহ্নিত হয়েছে। ১৯টি ভূমি অফিসে কর্মীদের আচরণ এবং যোগাযোগের দক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণের ঘাটতি রয়েছে। ফলে তারা সেবাগ্রহীতাদের সাথে পেশাদার আচরণ নিশ্চিত করতে পারেন না। ১৪টি অফিসে কিছু কর্মী তাদের দায়িত্ব পালনে উদাসীন বা অবহেলা করেন। ফলে সেবাগ্রহীতারা অসন্তুষ্ট হন, এবং দুর্ব্যবহারের শিকার হন বলে চিহ্নিত হয়েছে। ১২টি ভূমি অফিসে কর্মীদের মধ্যে সততার ঘাটতি রয়েছে যা সেবাগ্রহীতাদের সাথে কর্মীদের দুর্ব্যবহারের অন্যতম কারণ হিসেবে চিহ্নিত হয়েছে। সহকারী কমিশনার (ভূমি) বা এসি ল্যান্ড কর্তৃক কর্মীদের আচরণগত বিষয় পর্যাপ্ত তদারকি করা হয় না, ফলে দুর্ব্যবহারের ঘটনা ঘটে বলে ১২টি ভূমি অফিসে চিহ্নিত হয়েছে। ৩টি ভূমি অফিসের কিছু কর্মী নিয়মবহির্ভূতভাবে অর্থ আদায় করার জন্য সেবাগ্রহীতাদের সাথে খারাপ ব্যবহার করে বলে চিহ্নিত হয়েছে। এছাড়া, ১টি ভূমি অফিসে দেখা যায় উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক কর্মীদের আচরণের পর্যাপ্ত তদারকি করা হয় না ফলে সেবাগ্রহীতাদের সাথে দুর্ব্যবহারের ঘটনা ঘটে।

চিত্র ১১: সেবাগ্রহীতাদের সাথে কর্মীদের দুর্ব্যবহারের কারণসমূহ




### ৩.৮.৮ নারী ও প্রান্তিক জনগোষ্ঠী অনিয়ম ও দুর্নীতির শিকার হওয়া

নারী ও প্রান্তিক জনগোষ্ঠী অনিয়ম ও দুর্নীতির শিকার হওয়া বিষয়ক সমস্যাটি ২৬টি (৫৬.৫%) ভূমি অফিসে চিহ্নিত হয়েছে। এর পেছনে সংবেদনশীল ও কার্যকর উদ্যোগের ঘাটতিকে অন্যতম কারণ হিসেবে চিহ্নিত করেছেন ১৯টি ভূমি অফিস। অন্যদিকে, ১৭টি ভূমি অফিস উচ্চ পর্যায়ের কর্তৃপক্ষের কার্যকর তদারকির ঘাটতিকে দায়ী করেছেন। এছাড়া, ১১টি ভূমি অফিস নারীবান্ধব আইন, নীতিমালা বা ইতিবাচক পদক্ষেপের অভাবকে নারী ও প্রান্তিক জনগোষ্ঠী অনিয়ম ও দুর্নীতির শিকার হওয়া বিষয়ক সমস্যার উৎস হিসেবে দেখেছেন। ৬টি ভূমি অফিসে নারী ও প্রান্তিক জনগোষ্ঠীর মত প্রকাশের সুযোগের অভাব এবং ৩টি ভূমি অফিসে দৃষ্টান্তমূলক শাস্তির ঘাটতিকে নারী ও প্রান্তিক জনগোষ্ঠী অনিয়ম ও দুর্নীতিরশিকারের কারণ হিসেবে চিহ্নিত করা হয়েছে।

চিত্র ১২: নারী ও প্রান্তিক জনগোষ্ঠী অনিয়ম ও দুর্নীতির শিকার হওয়ার কারণসমূহ




## ৩.৯ কমিউনিটি মনিটরিংয়ের অ্যাকশন মিটিংয়ে উত্থাপিত সমস্যা

- সহকারী কমিশনারের (ভূমি) পদায়ন থেকে একটি নির্দিষ্ট সময় পর্যন্ত কর্ম এলাকায় থাকার ব্যবস্থা না করায় সেবা প্রদান বিঘ্নিত হয়। উল্লেখ্য, ২০২৪ সালে একটি অফিসে ৫ জন সহকারী কমিশনারের বদলি হয়েছে।
- উপজেলাতে ভূমি সংক্রান্ত অফিসসমূহ (যেমন- ভূমি অফিস, সাব-রেজিস্ট্রার অফিস, সেটেলমেন্ট অফিস) ভিন্ন ভিন্ন স্থানে হওয়ায় সেবাগ্রহীতাদের সেবা পেতে সময়ক্ষেপণ হয়।
- নতুন ভূমি আইন এবং অনলাইন ভূমিসেবা সম্পর্কে সাধারণ জনগণের অপর্যাপ্ত জ্ঞান থাকায় সেবা গ্রহণে বিবিধ জটিলতা ও সমস্যার সৃষ্টি হয়।

## ৩.১০ কমিউনিটি অ্যাকশন মিটিং এবং সমস্যা সমাধানে অধিপরামর্শ

কমিউনিটি অ্যাকশন মিটিং সম্পাদন এবং চিহ্নিত সমস্যা সমাধানে নিয়মিত অধিপরামর্শের ফলে কিছু সমস্যা স্থানীয়ভাবে সমাধান করা সম্ভব হলেও কিছু সমস্যা স্থানীয়ভাবে সমাধান করা সম্ভব হয়নি। সমস্যা সমাধানের কারণ এবং কিছু সমস্যা সমাধান না হওয়ার কারণসমূহ নিম্নে উল্লেখ করা হলো:

### ৩.১০.১ ভূমি সেবায় সময়ক্ষেপণ

**সমাধানের কারণ**

সময়ক্ষেপণ রোধকল্পে সকল প্রয়োজনীয় কাগজপত্র একসাথে দাখিল করে যথাসময়ে সেবা নিশ্চিতে একটি নির্দিষ্ট সেবার বিপরীতে দাখিলের জন্য প্রয়োজনীয় নথির তালিকা ভূমি অফিসে টানানো হয়েছে। এছাড়া, অধিপরামর্শ পরবর্তী সময়ে সহকারী কমিশনার ভূমি অফিসের কার্যক্রম তদারকি বৃদ্ধি করেছেন এবং সেবাগ্রহীতাদের সেবা প্রাপ্তিতে দেরির কারণ খতিয়ে দেখছেন। এর পশাপাশি গণশুনানির ব্যবস্থাও করা হয়েছে। এসকল পদক্ষেপের মাধ্যমে ১০টি (২৩.৩%) ভূমি অফিসে ভূমি সেবায় সময়ক্ষেপণ বিষয়ক সমস্যাটির সমাধান হয়েছে।

**সমাধান না হওয়ার কারণ**

৩৩টি ভূমি অফিসে ভূমি সেবায় সময়ক্ষেপণজনিত সমস্যাটির সমাধান হয়নি, যার কারণগুলোর মধ্যে অন্যতম হলো- ডিজিটাল সেবা সম্পর্কে সেবাগ্রহীতাদের জ্ঞানের ঘাটতি, উর্ধ্বতন কর্মকর্তার কার্যকর তদারকির ঘাটতি, কর্মচারীদের দায়িত্বে অবহেলা, কিছু ক্ষেত্রে ভূমি অফিসের সেবা প্রদান-সংক্রান্ত সার্ভারের সমস্যা, জনবলের ঘাটতি, সমস্যা সমাধানের বিষয় স্থানীয় কর্তৃপক্ষের আওতাভূক্ত না হওয়া, সহকারি কমিশনার সরকারি অন্য কাজে ব্যস্ত থাকা, সহকারি কমিশনারকে দ্রুতসময়ের মধ্যে অন্য ভূমি অফিসে বদলি করা, ঘুষ না দিলে সেবা না দেওয়া বা সেবা প্রদানে দেরি করা ইত্যাদি।

### ৩.১০.২ প্রয়োজনীয় হালনাগাদ তথ্য না পাওয়া

**সমাধানের কারণ**

উর্ধ্বতন কর্মকর্তার তদারকি বৃদ্ধির মাধ্যমে প্রয়োজনীয় হালনাগাদ তথ্য না পাওয়া বিষয়ক সমস্যাটি ১০টি (২৫.৬%) ভূমি অফিসে সমাধান হয়েছে।

**সমাধান না হওয়ার কারণ**

দায়িত্বে অবহেলা ও কার্যকর ব্যবস্থা গ্রহণে ঘাটতির কারণে প্রয়োজনীয় হালনাগাদ তথ্য না পাওয়া বিষয়ক সমস্যাটির সমাধান হয়নি ২৯টি ভূমি অফিসে।

### ৩.১০.৩ দালালের দৌরাত্ম্য

**সমাধানের কারণ**

ভূমি অফিসের সমস্যা এবং সনাক কর্তৃক অধিপরামর্শের খবর স্থানীয় পত্রিকায় প্রকাশিত হয়। এই প্রেক্ষিতে চিহ্নিত স্থানীয় দালালদের ভূমি অফিস থেকে বের করে দেওয়া হয়। এছাড়াও, কর্তৃপক্ষ সমস্যা সমাধানের জন্য পত্র জারি করে কর্মচারীদের নিদের্শনা প্রদান করেছে। এসকল পদক্ষেপের ফলে ২টি (৫.৩%) ভূমি অফিসে দালালের দৌরাত্ম্য বিষয়ক সমস্যাটি সমাধান হয়েছে।

**সমাধান না হওয়ার কারণ**

সনাক কর্তৃক অধিপরামর্শ সম্পাদনের পরও ৩৬টি ভূমি অফিসে দালালের দৌরাত্ম্য বিষয়ক সমস্যাটির সমাধান হয়নি। কিছু ভূমি অফিসে দালালরা স্থানীয়ভাবে শক্তিশালী ও রাজনৈতিক প্রভাব সম্পন্ন। তারা ভূমি অফিসের কিছু অসৎ কর্মীদের সাথে যোগসাজশে একটি সিন্ডিকেট তৈরি করেছে। কর্তৃপক্ষের চেষ্টার পরেও সিন্ডিকেট ভাঙ্গা সম্ভব হয়নি, ফলে অফিসগুলোতে দালালের দৌরাত্ম্য বিদ্যমান রয়েছে। অন্যদিকে, কর্মচারীরা ভূমি সংক্রান্ত বিষয়ে সহযোগীতা না করায় সেবাগ্রহীতারা দালালের কাছে যেতে বাধ্য হন। অন্যদিকে, ভূমি অফিসের কর্মচারীরা সেবাপ্রদানের প্রক্রিয়াটি পদ্ধতিগতভাবে জটিল করে রেখেছে। এই পদ্ধতিতে দালালের মাধ্যমে গেলে সেবা পাওয়া যায়, আর দালালের মাধ্যমে না গেলে সেবা পেতে দেরি হয়। এমন প্রেক্ষাপটে সেবাগ্রহীতারা দালালের মাধ্যমে বেশি টাকা দিয়ে সময়মত সেবা গ্রহণে আগ্রহী হয়। এছাড়া, কিছু স্থানে উর্ধ্বতন কর্মকর্তার কার্যকর তদারকির ঘাটতি, কর্মীদের দায়িত্বে অবহেলার কারণে দালালের দৌরাত্ম্য বিষয়ক সমস্যাটির সমাধান হয়নি।

### ৩.১০.৪ অকার্যকর অভিযোগ নিরসন ব্যবস্থা

**সমাধানের কারণ**

অভিযোগ গ্রহণ এবং নিরসন সংক্রান্ত বিভিন্ন বিষয়ে অভিযুক্ত কর্মচারীকে অন্যত্র বদলি করা হয়েছে এবং উর্ধ্বতন কর্মকর্তার তদারকি বৃদ্ধি করেছে। এছাড়া, এসিজির অধিপরামর্শ সভার সুপারিশের ফলে বিভিন্ন স্থানে সহকারী কমিশনারের ফোন নাম্বারসহ বিলবোর্ড, ফেষ্টুন এবং অভিযোগ/পরামর্শ বাক্স স্থাপন করা হয়েছে। অন্যদিকে সমস্যা সমাধানে এসিজি কর্তৃক নিয়মিত ফলোআপ করা হয়েছে। ফলে ৫টি (১৫.৬%) ভূমি অফিসে অকার্যকর অভিযোগ নিরসন ব্যবস্থা বিষয়ক সমস্যাটি সমাধান হয়েছে।

**সমাধান না হওয়ার কারণ**

অকার্যকর অভিযোগ নিরসন ব্যবস্থা বিষয়ক সমস্যাটি ২৭টি ভূমি অফিসে সমাধান হয়নি যার কারণগুলোর মধ্যে অন্যতম হলো কর্তৃপক্ষের অবহেলা এবং কার্যকর তদারকির ঘাটতি।

### ৩.১০.৫ ঘুষ বা নিয়মবহির্ভূত অর্থ আদায়

**সমাধানের কারণ**

অধিপরামর্শের ফলে ঘুষ বা নিয়মবহির্ভূত অর্থ আদায় বিষয়ক সমস্যাটি ৬টি (১৮.৮%) ভূমি অফিসে সমাধান হয়েছে। সমস্যা সমাধানের কারণগুলোর মধ্যে অন্যতম হলো সেবামূল্য দৃশ্যমান স্থানে স্থাপন, কর্তৃপক্ষের কর্যকর তদারকি এবং নিয়মিত গনশুনানির আয়োজন করা।

**সমাধান না হওয়ার কারণ**

ঘুষ বা নিয়মবহির্ভূত অর্থ আদায় বিষয়ক সমস্যাটি ২৬টি ভূমি অফিসে সমাধান হয়নি। উর্ধ্বতন কর্মকর্তার কার্যকর তদারকির ঘাটতি, দায়িত্বে অবহেলা, রাজনৈতিক প্রভাব, সেবাপ্রদানের প্রক্রিয়ায় জটিলতা তৈরি করে ঘুষ ও নিয়মবহির্ভূত অর্থ আদায় করা, ঘুষ বা নিয়মবহির্ভূত অর্থ আদায়ের সাথে জড়িতদের উপযুক্ত শাস্তির আওতায় না অনার কারণে সমস্যাটি বিদ্যমান রয়েছে।

### ৩.১০.৬ অফিস চলাকালীন সময়ে কর্মচারীদের অনুপস্থিতি

**সমাধানের কারণ**

অধিপরামর্শের ফলে কর্তৃপক্ষ অফিস চলাকালীন সময়ে কর্মচারীদের অনুপস্থিতি রোধে বায়োমেট্রিক হাজিরা তদারকি বৃদ্ধি করেছে। এছাড়া, উর্ধ্বতন কর্মকর্তা প্রায়শই আকস্মিক পরিদর্শন করেছেন এবং কর্মচারীদের এ বিষয়ে সতর্ক করে চিঠি ইস্যু করা হয়েছে। এসকল কারণে অফিস চলাকালীন সময়ে কর্মচারীদের অনুপস্থিতি বিষয়ক সমস্যাটি ৮টি (২৫.৮%) ভূমি অফিসে সমাধান হয়েছে।

**সমাধান না হওয়ার কারণ**

অফিস চলাকালীন সময়ে কর্মচারীদের অনুপস্থিতি বিষয়ক সমস্যাটি ২৩টি ভূমি অফিসে সমাধান হয়নি। উর্ধ্বতন কর্মকর্তার কার্যকর তদারকির ঘাটতি, দায়িত্বে অবহেলা, কার্যকর ব্যবস্থা গ্রহণে ঘাটতির কারণে সমস্যাটি বিদ্যমান রয়েছে।

### ৩.১০.৭ সেবাগ্রহীতাদের সাথে ভূমি অফিসের কর্মীদের দুর্ব্যবহার

**সমাধানের কারণ**

সনাক কর্তৃক অধিপরামর্শ সম্পাদনের পর সেবাগ্রহীতাদের সাথে ভূমি অফিসের কর্মীদের দুর্ব্যবহার বিষয়ক সমস্যাটি ৭টি (২৩.৩%) ভূমি অফিসে সমাধান হয়েছে। সমাধানের কারণগুলোর মধ্যে অন্যতম হলো- সহকারী কমিশনার তার নিজস্ব মোবাইল নম্বর উন্মুক্ত করে অসদাচারণের ক্ষেত্রে অভিযোগ করার অনুরোধ জানিয়েছেন, কিছু ভূমি অফিসে অভিযোগ সংক্রান্ত একটি হোয়াটসঅ্যাপ গ্রুপ খুলে সহকারী কমিশনারকে সেখানে যুক্ত করা হয়েছে।

**সমাধান না হওয়ার কারণ**

২৩টি ভূমি অফিসে এই সমস্যার সমাধান না হওয়ার কারণগুলোর মধ্যে অন্যতম হলো উর্ধ্বতন কর্মকর্তার কার্যকর তদারকির ঘাটতি, কর্মীদের দায়িত্বে অবহেলা ইত্যাদি।

### ৩.১০.৮ নারী ও প্রান্তিক জনগোষ্ঠীর অনিয়ম ও দুর্নীতির শিকার হওয়া

**সমাধানের কারণ**

নারী ও প্রান্তিক জনগোষ্ঠীর অনিয়ম ও দুর্নীতির শিকার হওয়ার বিষয়ক সমস্যাটি অধিপরামর্শের পরে ৬টি (২৩.১%) ভূমি অফিসে সমাধান হয়েছে। সমস্যাটি সমাধানে কর্তৃপক্ষ যে পদক্ষেপগুলো গ্রহণ করেছেন সেগুলো হলো নারী ও প্রান্তিক জনগোষ্ঠীর জন্য বিশেষ ইমেইল এড্রেস খুলে তাদেরকে অভিযোগ জানাতে উৎসাহিত করা হয়েছে, কর্মচারীদেরকে এ বিষয়ে সতর্ক করে চিঠি ইস্যু করা হয়েছে, নারী ও প্রান্তিক জনগোষ্ঠীর ব্যক্তিদেরকে অগ্রাধীকার ভিত্তিতে সেবাপ্রদানের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

**সমাধান না হওয়ার কারণ**

নারী ও প্রান্তিক জনগোষ্ঠীর অনিয়ম ও দুর্নীতির শিকার হওয়া বিষয়ক সমস্যাটি ২০টি ভূমি অফিসে সমাধান হয়নি। উর্ধ্বতন কর্মকর্তার কার্যকর তদারকির ঘাটতি, দায়িত্বে অবহেলা, জেন্ডার সংবেদনশীলতা সম্পর্কে কর্মীদের উদাসীনতা এবং প্রশিক্ষণের অভাব, অভিযুক্তদেরকে শাস্তির আওতায় না আনার কারণে সমস্যাটির সমাধান হয়নি।

# চতুর্থ অধ্যায়
# সার্বিক পর্যবেক্ষণ ও সুপারিশ

## ৪.১ সার্বিক পর্যবেক্ষণ

২০২৫ সালের ২৮ ফেব্রুয়ারি পর্যন্ত সময়ে ৪৬টি উপজেলা ভূমি অফিসে ৮ ধরণের সর্বমোট ২৭১টি সমস্যা চিহ্নিত হয়েছে। অধিক বিরাজমান সমস্যাগুলোর মধ্যে রয়েছে ভূমি সেবায় সময়ক্ষেপণ যা ৪৩টি ভূমি অফিসে চিহ্নিত হয়েছে। প্রয়োজনীয় হালনাগাদ তথ্য না পাওয়া বিষয়ক সমস্যা ৩৯টি ভূমি অফিসে চিহ্নিত হয়েছে। এছাড়াও দালালের দৌরাত্ম্য ৩৮টি, অকার্যকর অভিযোগ নিরসন ব্যবস্থা ৩২টি, ঘুষ বা নিয়মবহির্ভূত অর্থ আদায় ৩২টি, অফিস চলাকালীন সময়ে কর্মচারীদের অনুপস্থিতি ৩১টি, সেবাগ্রহীতাদের সাথে কর্মীদের দুর্ব্যবহার ৩০টি, নারী ও প্রান্তিক জনগোষ্ঠী অনিয়ম ও দুর্নীতির শিকার হওয়া বিষয়ক সমস্যা ২৬টি ভূমি অফিসে চিহ্নিত হয়েছে।

চিহ্নিত ২৭১টি সমস্যার মধ্যে ৪৭টি (১৭.৩%) স্থানীয় পর্যায়ে সমাধান হলেও, ২২টি অফিসে চিহ্নিত সমস্যাগুলোর কোনো সমাধান স্থানীয়ভাবে হয়নি। ভূমি অফিসগুলোতে অবকাঠামোগত ঘাটতিও চিহ্নিত হয়েছে। ১৪টি ভূমি অফিসের ভবনের অবস্থা মোটামোটি অর্থাৎ কিছু কিছু অংশ ভাঙ্গা এবং ব্যবহারের অনুপযোগী এবং ভবন নির্মাণের পর কোনো সংস্কার করা হয়নি। এরমধ্যে ১টি অফিসের ভবন ব্যবহারের অনুপযোগী। এছাড়া, কিছু অফিসে মৌলিক সুযোগ-সুবিধারও ঘাটতি চিহ্নিত হয়েছে। ২১টি ভূমি অফিসে নারী কর্মীদের জন্য পৃথক ব্যবহারযোগ্য শৌচাগার নেই। ২১টি অফিসে সেবাগ্রহীতাদের জন্য ব্যবহারযোগ্য শৌচাগার নেই যেখানে দৈনিক গড়ে ১৫৮ জন সেবাগ্রহীতা সেবা গ্রহণ করেন। এছাড়া, ৩৪টি ভূমি অফিসে নারী সেবাগ্রহীতাদের জন্য পৃথক শৌচাগার নেই যেখানে দৈনিক গড় নারী সেবাগ্রহীতার সংখ্যা ৩৭ জন। প্রতিবন্ধীতাসহ ব্যক্তিদের জন্য সুযোগ-সুবিধার ঘাটতি রয়েছে, যার মধ্যে ৩৯টি অফিসে র‍্যাম্প নেই, এবং ৪৩টি অফিসে প্রতিবন্ধীতাসহ ব্যক্তিদের জন্য পৃথক শৌচাগার নেই। এছাড়াও, ৮টি অফিসে সুপেয় পানির ব্যবস্থা নেই, ৭টি অফিসে তথ্য অনুসন্ধান কেন্দ্র নেই, ১৮টি অফিসে জেনারেটর বা বিদ্যুতের বিকল্প ব্যবস্থা নেই, ৩৯টি অফিসে কর্মীদের জন্য বায়োমেট্রিক হাজিরা ব্যবস্থা নেই, ৪১টি অফিসে ব্রেস্টফিডিং কর্নার নেই।

ভূমি অফিসগুলোতে জনবলের ঘাটতি বিদ্যমান। ৪৩টি ভূমি অফিসে এক বা একাধিক শূন্য পদ রয়েছে। এর মধ্যে ২৩টি ভূমি অফিসে ৫টি বা তার বেশি পদ শূন্য রয়েছে। উল্লেখ্য, ২১টি ভূমি অফিসে কানুনগো পদ, ৪টি অফিসে সার্ভেয়র পদ, এবং ১টি অফিসে তফসিলদার পদ শূন্য রয়েছে। এছাড়া, সহকারী কমিশনারের (ভূমি) অন্যান্য সরকারি কাজে সম্পৃক্ততা এবং অল্প সময়ের মধ্যে এক ভূমি অফিস থেকে অন্য ভূমি অফিসে বদলির ফলে ভূমি সেবা প্রদানে বিঘ্ন ঘটায়।

সার্বিকভাবে, ভূমি অফিসে বহুবিধ সুশাসনের সমস্যা বিদ্যমান যা সময়াবদ্ধ ও কার্যকর ভূমি সেবা প্রদান কার্যক্রমকে ব্যাহত করছে। উর্ধ্বতন কর্তৃপক্ষের জবাবদিহি ও আইনের শাসন নিশ্চিত না করায় সমস্যা চিহ্নিত হলেও অধিকাংশ অফিসে তা সমাধান সম্ভব হয়নি। ফলে অধিকাংশ অফিসে দালালের দৌরাত্ম্য, সেবা প্রদানে সময়ক্ষেপণ, অকার্যকর অভিযোগ নিরসন ব্যবস্থা, ঘুষ বা নিয়মবহির্ভূত অর্থ আদায়সহ বিবিধ অনিয়ম-দুর্নীতি বিরাজমান। এছাড়া, কর্মচারীদের পেশাদারিত্ব নিশ্চিতে প্রশিক্ষণসহ কার্যকর পদক্ষেপ গ্রহণ না করায় সেবা গ্রহীতাদের সাথে দুর্ব্যবহারের সমস্যাটি ভূমি অফিসগুলোতে বিদ্যমান রয়েছে। এছাড়াও, ভূমি অফিসগুলোতে জনবলের পাশাপাশি অবকাঠামোগত ঘাটতি রয়েছে যা সময়াবদ্ধ ও কার্যকর ভূমি সেবা নিশ্চিতে অন্যতম অন্তরায়।

## ৪.২ সুপারিশ

কমিউনিটি মনিটরিংয়ে প্রাপ্ত তথ্য বিশ্লেষণের ভিত্তিতে এবং কমিউনিটি অ্যাকশন মিটিং কার্যক্রমের ওপর ভিত্তি করে বিভিন্ন পর্যায়ের ভূমি সেবায় উৎকর্ষ বৃদ্ধি, গ্রাহক হয়রানি হ্রাস, সর্বোপরি দুর্নীতি প্রতিরোধ ও সেবা কার্যক্রমে জবাবদিহিতা ও স্বচ্ছতা নিশ্চিতে সহায়ক হিসেবে এই সুপারিশ ভূমি খাতসংশ্লিষ্ট প্রতিষ্ঠান ও অন্যান্য অংশীজনের বিবেচনার জন্য উপস্থাপন করা হলো।

### ৪.২.১ আইন ও নীতিসম্পর্কিত

১. ভূমি মন্ত্রণালয়ের কাজে এবং সামগ্রিক ভূমি ব্যবস্থাপনায় গতিশীলতা ও কার্যকরতা বৃদ্ধির জন্য বাংলাদেশ সিভিল সার্ভিসের অধীনে স্বতন্ত্র ভূমি ক্যাডার বা সার্ভিস প্রবর্তন করতে হবে এবং সহকারি সচিব/কমিশনার (ভূমি) পদে প্রশাসন ক্যাডার থেকে নিয়োগ বন্ধ করতে হবে।

২. ভূমি রেজিস্ট্রেশন অফিস বর্তমানে আইন ও বিচার মন্ত্রণালয়ের অধীনে কাজ করে। অপরদিকে ভূমি ব্যবস্থাপনা-সংক্রান্ত বিভিন্ন অফিস ভূমি মন্ত্রণালয়ের অধীনে কাজ করে। এরূপ দ্বৈত ব্যবস্থাপনা বাতিল করে ভূমি রেজিস্ট্রেশন অফিসকে ভূমি মন্ত্রণালয়ের অধীনে ন্যস্ত করতে হবে।

৩. একজন অফিসারকে উপজেলা পর্যায়ে সহকারী কমিশনার (ভূমি) পদে পদায়নের পর একটি নির্দিষ্ট সময় পর্যন্ত সেই অফিস থেকে বদলি না করার বিধান করতে হবে।

৪. জনসংখ্যা, ভৌগোলিক অবস্থান ও অর্থনৈতিক গুরুত্ব বিবেচনায় উপজেলা ভূমি অফিসের জন্য বাস্তবসম্মত জনবল-কাঠামো (Organogram) তৈরি করতে হবে এবং কাঠামো অনুযায়ী জনবল নিয়োগ দিতে হবে ।

৫. উপজেলা পর্যায়ে ভূমিসংক্রান্ত অফিসগুলো শহরের একই স্থানে/প্রাঙ্গণে স্থাপন করতে হবে।

### ৪.২.২ সেবার মান বৃদ্ধিসম্পর্কিত

৬. কাঙ্ক্ষিত সেবা প্রদান নিশ্চিতে ৪৩টি ভূমি অফিসে জরুরি ভিত্তিতে শূন্য পদ পূরণ করতে হবে (পরিশিষ্ট-১৪)।

৭. ৩৩টি ভূমি অফিসে "ভূমি সেবায় সময়ক্ষেপণ" সংক্রান্ত সমস্যার সমাধান করে নির্ধারিত সময়ের মধ্যে সেবা প্রদান নিশ্চিত করতে হবে (পরিশিষ্ট-১৫)।

৮. ৩৯টি ভূমি অফিসে কর্মীদের উপস্থিতির তথ্য সংরক্ষণের জন্য বায়োমেট্রিক ব্যবস্থা চালু করতে হবে এবং তাদের উপস্থিতি নিয়মিত পর্যবেক্ষণ করতে হবে (পরিশিষ্ট-১০)।

৯. ভূমি সেবায় যথাযথ এবং পূর্ণাঙ্গ ডিজিটালাইজেশন করা এবং সেবাগ্রহীতাসহ সকল স্তরে এর কার্যকরতা নিয়মিত পর্যবেক্ষণ করতে হবে।

১০. সেবার অগ্রগতি সম্পর্কে সেবাগ্রহীতাদের অবহিতকরণে এসএমএস নোটিফিকেশন সিস্টেম প্রচলন করতে হবে।

১১. সেবাগ্রহীতাদের সহায়তার জন্য প্রশিক্ষিত কর্মীসহ ৭টি ভূমি অফিসে তথ্য অনুসন্ধান কেন্দ্র বা হেল্প ডেস্ক স্থাপন করতে হবে (পরিশিষ্ট-৬)।

১২. ই-ল্যান্ড সেবা প্রদানে দক্ষতা বৃদ্ধিতে সংশ্লিষ্ট কর্মীদের প্রশিক্ষণ প্রদান করতে হবে।

১৩. সেবা কার্যক্রম পর্যবেক্ষণের জন্য সকল ভূমি অফিসে সিসিটিভি নজরদারি-ব্যবস্থা চালু করতে হবে।

### ৪.২.৩ দুর্নীতি প্রাতরোধ ও শুদ্ধাচারসম্পর্কিত

১৪. ৩৬টি ভূমি অফিসে দালালের দৌরাত্ম্য বন্ধে ভূমি অফিসগুলোতে নিয়মিত অভিযান পরিচালনা করতে হবে (পরিশিষ্ট-১৭) এবং ২৬টি ভূমি অফিসে দালাল ও দালালের সঙ্গে যোগসাজশ এবং অবৈধ অর্থ লেনদেনে জড়িত কর্মচারীদের আইনের আওতায় এনে শাস্তির ব্যবস্থা করতে হবে (পরিশিষ্ট-১৯)।

১৫. ২৮টি ভূমি অফিসে ভূমি সেবার ফি'সহ এ সংক্রান্ত হালনাগাদ তথ্যসম্বলিত তথ্য বোর্ড দৃষ্টিগোচর স্থানে স্থাপন করতে হবে এবং তা সংশ্লিষ্ট ওয়েবসাইটে প্রদর্শন করতে হবে (পরিশিষ্ট-১৬)।

১৬. ২৩টি ভূমি অফিসে "অফিস চলাকালীন সময়ে কর্মীদের অনুপস্থিতি" বন্ধে ভূমি অফিসগুলোতে ঊর্ধ্বতন কর্তৃপক্ষের তত্ত্বাবধানে নিয়মিত তদারকি এবং আকস্মিক পরিদর্শন কার্যক্রম পরিচালনা করতে হবে (পরিশিষ্ট-২০)।

১৭. সেবাগ্রহীতাদের সঙ্গে আচরণগত উৎকর্ষ ও পেশাদারিত্ব বৃদ্ধিতে ভূমি অফিসে কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান করতে হবে। ২৩টি ভূমি অফিসে সেবাগ্রহীতাদের সঙ্গে দুর্ব্যবহারে জড়িত কর্মচারীদের আইনের আওতায় এনে শাস্তির ব্যবস্থা করতে হবে (পরিশিষ্ট-২১)।

১৮. ২০টি ভূমি অফিসে নারী ও প্রান্তিক জনগোষ্ঠীর সঙ্গে অনিয়ম ও দুর্নীতিতে জড়িত কর্মচারীদের আইনের আওতায় এনে শাস্তির ব্যবস্থা করতে হবে (পরিশিষ্ট-২২)।

১৯. অফিস প্রাঙ্গণে সকল কর্মীদের অফিস আইডি কার্ড ব্যবহার বাধ্যতামূলক করতে হবে।

### ৪.২.৪ অভিযোগ নিরসন ব্যবস্থাসম্পর্কিত

২০. কার্যকর অভিযোগ নিরসন-ব্যবস্থা প্রতিষ্ঠা করতে হবে (পরিশিষ্ট-১৮)। এক্ষেত্রে-

- সকল ভূমি অফিসে অভিযোগ বাক্স স্থাপন করতে হবে। পাশাপাশি এসএমএস, ইমেইল ও ওয়েবসাইট ইত্যাদির মাধ্যমে অভিযোগ গ্রহণের ব্যবস্থা করতে হবে।
- অভিযোগ গ্রহণ এবং তদারকির দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নির্ধারণ ও সুনির্দিষ্ট করতে হবে।
- অভিযোগ লিপিবদ্ধ করার রেজিস্টার সংরক্ষণ করতে হবে। অভিযোগগুলো নিয়মিত পর্যালোচনা করে দ্রুত নিরসনের ব্যবস্থা করতে হবে।

- অভিযোগ নিরসনের ক্ষেত্রে সেবাগ্রহীতাদের আস্থা অর্জনে গৃহীত পদক্ষেপ ও ফলাফল-সম্পর্কিত তথ্য প্রতি তিন মাস অন্তর হালনাগাদ করে ওয়েবসাইট এবং নোটিশ বোর্ডে প্রকাশ করতে হবে।
- অভিযোগ দায়ের প্রক্রিয়া এবং অভিযোগ নিরসন-ব্যবস্থা সম্পর্কে প্রচারণা বৃদ্ধির মাধ্যমে সেবাগ্রহীতাদের সচেতনতা বাড়াতে হবে।

### ৪.২.৫ অবকাঠামো সংস্কারসম্পর্কিত

২১. ৮টি ভূমি অফিসে জরুরি ভিত্তিতে সুপেয় পানির ব্যবস্থা করতে হবে (পরিশিষ্ট-৫)।

২২. ১৮টি ভূমি অফিসে বিকল্প বিদ্যুৎ ব্যবস্থা করতে হবে (পরিশিষ্ট-৭)।

২৩. ২১টি ভূমি অফিসে জরুরি ভিত্তিতে নারী ও পুরুষ কর্মীদের (পরিশিষ্ট-২) এবং ২১টি ভূমি অফিসে সেবাগ্রহীতা নারী ও পুরুষদের জন্য পৃথক শৌচাগার নির্মাণ করতে হবে (পরিশিষ্ট-৩)।

২৪. প্রতিবন্ধিতাসহ ব্যক্তিদের জন্য জরুরি ভিত্তিতে ৩৯টি ভূমি অফিসে র‍্যাম্প (পরিশিষ্ট-৯) এবং ৪৩টি ভূমি অফিসে শৌচাগারসহ অন্যান্য প্রয়োজনীয় সুযোগ-সুবিধা নিশ্চিত করতে হবে (পরিশিষ্ট-৮)।

২৫. ১৪টি ভূমি অফিস সংশ্লিষ্ট ভবনগুলোর অবকাঠামোগত অবস্থা মূল্যায়ন সাপেক্ষে প্রয়োজনীয় সংস্কার করতে হবে (পরিশিষ্ট-১)। বিশেষকরে অগ্নিসংযোগের কারণে “উপজেলা ভূমি অফিস, বগুড়া সদর”-এর ভবন ক্ষতিগ্রস্থ হয়ে সম্পূর্ণ অকার্যকর হয়ে পরেছে। এই অফিসের ক্ষতিগ্রস্থ ভবন জরুরি ভিত্তিতে সংস্কার করতে হবে।

*********

## পরিশিষ্ট-১: অবকাঠামোগত সংস্কার প্রয়োজন এমন ভূমি অফিসের তালিকা

| ক্রমিক নং | ভূমি অফিসের নাম | জেলা | বিভাগ |
|---|---|---|---|
| ১ | উপজেলা ভূমি অফিস, পিরোজপুর সদর | পিরোজপুর | বরিশাল |
| ২ | উপজেলা ভূমি অফিস, নালিতাবাড়ী | শেরপুর | ময়মনসিংহ |
| ৩ | উপজেলা ভূমি অফিস, জামালপুর সদর | জামালপুর | ময়মনসিংহ |
| ৪ | উপজেলা ভূমি অফিস, রংপুর সদর | রংপুর | রংপুর |
| ৫ | উপজেলা ভূমি অফিস, বগুড়া সদর* | বগুড়া | রাজশাহী |
| ৬ | উপজেলা ভূমি অফিস, নাটোর সদর | নাটোর | রাজশাহী |
| ৭ | উপজেলা ভূমি অফিস, বাগেরহাট সদর | বাগেরহাট | খুলনা |
| ৮ | উপজেলা ভূমি অফিস, কুষ্টিয়া সদর | কুষ্টিয়া | খুলনা |
| ৯ | উপজেলা ভূমি অফিস, চাঁদপুর সদর | চাঁদপুর | চট্টগ্রাম |
| ১০ | উপজেলা ভূমি অফিস, রাঙ্গামাটি সদর | রাঙ্গামাটি | চট্টগ্রাম |
| ১১ | উপজেলা ভূমি অফিস, খাগড়াছড়ি সদর | খাগড়াছড়ি | চট্টগ্রাম |
| ১২ | সদর সার্কেল ভূমি অফিস, চট্টগ্রাম মহানগর | চট্টগ্রাম | চট্টগ্রাম |
| ১৩ | উপজেলা ভূমি অফিস, সুনামগঞ্জ সদর | সুনামগঞ্জ | সিলেট |
| ১৪ | উপজেলা ভূমি অফিস, মুন্সিগঞ্জ সদর | মুন্সিগঞ্জ | ঢাকা |

*২০২৪ সালে দেশব্যাপী কর্তৃত্ববাদী সরকার পতন আন্দোলনের সময় বগুড়া সদর উপজেলা ভূমি অফিসে অগ্নিসংযোগের ঘটনা ঘটে। এরপর থেকে উপজেলা ভূমি অফিস কর্তৃপক্ষ পৌর ভূমি অফিসের দুটি কক্ষে অস্থায়ীভাবে তাদের কার্যক্রম পরিচালনা করে আসছে।

## পরিশিষ্ট-২: নারী কর্মীদের জন্য ব্যবহারযোগ্য পৃথক শৌচাগার নেই এমন ভূমি অফিসের তালিকা

| ক্রমিক নং | ভূমি অফিসের নাম | জেলা | বিভাগ |
|---|---|---|---|
| ১ | উপজেলা ভূমি অফিস, পিরোজপুর সদর | পিরোজপুর | বরিশাল |
| ২ | উপজেলা ভূমি অফিস, ঝালকাঠি সদর | ঝালকাঠি | বরিশাল |
| ৩ | উপজেলা ভূমি অফিস, পটুয়াখালী সদর | পটুয়াখালী | বরিশাল |
| ৪ | উপজেলা ভূমি অফিস, নালিতাবাড়ী | শেরপুর | ময়মনসিংহ |
| ৫ | উপজেলা ভূমি অফিস, গাইবান্ধা সদর, গাইবান্ধা | গাইবান্ধা | রংপুর |
| ৬ | উপজেলা ভূমি অফিস, নীলফামারী সদর | নীলফামারী | রংপুর |
| ৭ | উপজেলা ভূমি অফিস, কুড়িগ্রাম সদর | কুড়িগ্রাম | রংপুর |
| ৮ | উপজেলা ভূমি অফিস, বগুড়া সদর | বগুড়া | রাজশাহী |
| ৯ | উপজেলা ভূমি অফিস, নাটোর সদর | নাটোর | রাজশাহী |
| ১০ | উপজেলা ভূমি অফিস, বাগেরহাট সদর | বাগেরহাট | খুলনা |
| ১১ | সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়, যশোর সদর | যশোর | খুলনা |
| ১২ | উপজেলা ভূমি অফিস, চাঁদপুর সদর | চাঁদপুর | চট্টগ্রাম |
| ১৩ | উপজেলা ভূমি অফিস, পটিয়া | চট্টগ্রাম | চট্টগ্রাম |
| ১৪ | সদর সার্কেল ভূমি অফিস, চট্টগ্রাম মহানগর | চট্টগ্রাম | চট্টগ্রাম |
| ১৫ | উপজেলা ভূমি অফিস, খাগড়াছড়ি সদর | খাগড়াছড়ি | চট্টগ্রাম |
| ১৬ | উপজেলা ভূমি অফিস, সুনামগঞ্জ সদর | সুনামগঞ্জ | সিলেট |
| ১৭ | উপজেলা ভূমি অফিস, সাভার | ঢাকা | ঢাকা |
| ১৮ | উপজেলা ভূমি অফিস, মাদারীপুর সদর | মাদারীপুর | ঢাকা |
| ১৯ | উপজেলা ভূমি অফিস, কিশোরগঞ্জ সদর | কিশোরগঞ্জ | ঢাকা |
| ২০ | উপজেলা ভূমি অফিস, ফরিদপুর সদর | ফরিদপুর | ঢাকা |
| ২১ | উপজেলা ভূমি অফিস, মুন্সিগঞ্জ সদর | মুন্সিগঞ্জ | ঢাকা |

### পরিশিষ্ট-৩: সেবাগ্রহীতা নারী ও পুরুষের জন্য ব্যবহারযোগ্য পৃথক শৌচাগার নেই এমন ভূমি অফিসের তালিকা

| ক্রমিক নং | ভূমি অফিসের নাম | জেলা | বিভাগ |
|---|---|---|---|
| ১ | উপজেলা ভূমি অফিস, পটুয়াখালী সদর | পটুয়াখালী | বরিশাল |
| ২ | উপজেলা ভূমি অফিস, বরগুনা সদর | বরগুনা | বরিশাল |
| ৩ | উপজেলা ভূমি অফিস, নালিতাবাড়ী | শেরপুর | ময়মনসিংহ |
| ৪ | উপজেলা ভূমি অফিস, মুক্তাগাছা | ময়মনসিংহ | ময়মনসিংহ |
| ৫ | উপজেলা ভূমি অফিস, ময়মনসিংহ সদর | ময়মনসিংহ | ময়মনসিংহ |
| ৬ | উপজেলা ভূমি অফিস, জামালপুর সদর | জামালপুর | ময়মনসিংহ |
| ৭ | উপজেলা ভূমি অফিস, নীলফামারী সদর | নীলফামারী | রংপুর |
| ৮ | উপজেলা ভূমি অফিস, রংপুর সদর | রংপুর | রংপুর |
| ৯ | উপজেলা ভূমি অফিস, বগুড়া সদর | বগুড়া | রাজশাহী |
| ১০ | উপজেলা ভূমি অফিস, নাটোর সদর | নাটোর | রাজশাহী |
| ১১ | উপজেলা ভূমি অফিস, বাগেরহাট সদর | বাগেরহাট | খুলনা |
| ১২ | সহকারী কমিশনার (ভূমি)-এর কার্যালয়, যশোর সদর | যশোর | খুলনা |
| ১৩ | উপজেলা ভূমি অফিস, লক্ষ্মীপুর সদর | লক্ষ্মীপুর | চট্টগ্রাম |
| ১৪ | উপজেলা ভূমি অফিস, আদর্শ সদর | কুমিল্লা | চট্টগ্রাম |
| ১৫ | উপজেলা ভূমি অফিস, চাঁদপুর সদর | চাঁদপুর | চট্টগ্রাম |
| ১৬ | উপজেলা ভূমি অফিস, রাঙ্গামাটি সদর | রাঙ্গামাটি | চট্টগ্রাম |
| ১৭ | উপজেলা ভূমি অফিস, খাগড়াছড়ি সদর | খাগড়াছড়ি | চট্টগ্রাম |
| ১৮ | উপজেলা ভূমি অফিস, সাভার | ঢাকা | ঢাকা |
| ১৯ | উপজেলা ভূমি অফিস, মাদারীপুর সদর | মাদারীপুর | ঢাকা |
| ২০ | উপজেলা ভূমি অফিস, ফরিদপুর সদর | ফরিদপুর | ঢাকা |
| ২১ | উপজেলা ভূমি অফিস, মধুপুর | টাঙ্গাইল | ঢাকা |

### পরিশিষ্ট-৪: নারী সেবাগ্রহীতাদের জন্য ব্যবহারযোগ্য পৃথক শৌচাগার নেই এমন ভূমি অফিসের তালিকা

| ক্রমিক নং | ভূমি অফিসের নাম | জেলা | বিভাগ |
|---|---|---|---|
| ১ | উপজেলা ভূমি অফিস, পিরোজপুর সদর | পিরোজপুর | বরিশাল |
| ২ | উপজেলা ভূমি অফিস, ঝালকাঠি সদর | ঝালকাঠি | বরিশাল |
| ৩ | উপজেলা ভূমি অফিস, পটুয়াখালী সদর | পটুয়াখালী | বরিশাল |
| ৪ | উপজেলা ভূমি অফিস, বরগুনা সদর | বরগুনা | বরিশাল |
| ৫ | উপজেলা ভূমি অফিস, নালিতাবাড়ী | শেরপুর | ময়মনসিংহ |
| ৬ | উপজেলা ভূমি অফিস, মুক্তাগাছা | ময়মনসিংহ | ময়মনসিংহ |
| ৭ | উপজেলা ভূমি অফিস, ময়মনসিংহ সদর | ময়মনসিংহ | ময়মনসিংহ |
| ৮ | উপজেলা ভূমি অফিস, জামালপুর সদর | জামালপুর | ময়মনসিংহ |
| ৯ | উপজেলা ভূমি অফিস, গাইবান্ধা সদর, গাইবান্ধা | গাইবান্ধা | রংপুর |
| ১০ | উপজেলা ভূমি অফিস, নীলফামারী সদর | নীলফামারী | রংপুর |
| ১১ | উপজেলা ভূমি অফিস, কুড়িগ্রাম সদর | কুড়িগ্রাম | রংপুর |
| ১২ | উপজেলা ভূমি অফিস, রংপুর সদর | রংপুর | রংপুর |
| ১৩ | উপজেলা ভূমি অফিস, বগুড়া সদর | বগুড়া | রাজশাহী |
| ১৪ | উপজেলা ভূমি অফিস, নাটোর সদর | নাটোর | রাজশাহী |
| ১৫ | উপজেলা ভূমি অফিস, বাগেরহাট সদর | বাগেরহাট | খুলনা |
| ১৬ | সহকারী কমিশনার (ভূমি)-এর কার্যালয়, যশোর সদর | যশোর | খুলনা |
| ১৭ | উপজেলা ভূমি অফিস, ঝিনাইদহ সদর | ঝিনাইদহ | খুলনা |
| ১৮ | উপজেলা ভূমি অফিস, লক্ষ্মীপুর সদর | লক্ষ্মীপুর | চট্টগ্রাম |

| ক্রমিক নং | ভূমি অফিসের নাম | জেলা | বিভাগ |
|---|---|---|---|
| ১৯ | উপজেলা ভূমি অফিস, আদর্শ সদর | কুমিল্লা | চট্টগ্রাম |
| ২০ | উপজেলা ভূমি অফিস, চাঁদপুর সদর | চাঁদপুর | চট্টগ্রাম |
| ২১ | উপজেলা ভূমি অফিস, পটিয়া | চট্টগ্রাম | চট্টগ্রাম |
| ২২ | সদর সার্কেল ভূমি অফিস, চট্টগ্রাম মহানগর | চট্টগ্রাম | চট্টগ্রাম |
| ২৩ | উপজেলা ভূমি অফিস, রাঙ্গামাটি সদর | রাঙ্গামাটি | চট্টগ্রাম |
| ২৪ | উপজেলা ভূমি অফিস, খাগড়াছড়ি সদর | খাগড়াছড়ি | চট্টগ্রাম |
| ২৫ | উপজেলা ভূমি অফিস, ব্রাহ্মণবাড়িয়া সদর | ব্রাহ্মণবাড়িয়া | চট্টগ্রাম |
| ২৬ | উপজেলা ভূমি অফিস, সুনামগঞ্জ সদর | সুনামগঞ্জ | সিলেট |
| ২৭ | উপজেলা ভূমি অফিস, সাভার | ঢাকা | ঢাকা |
| ২৮ | উপজেলা ভূমি অফিস, মাদারীপুর সদর | মাদারীপুর | ঢাকা |
| ২৯ | উপজেলা ভূমি অফিস, কিশোরগঞ্জ সদর | কিশোরগঞ্জ | ঢাকা |
| ৩০ | উপজেলা ভূমি অফিস, ফরিদপুর সদর | ফরিদপুর | ঢাকা |
| ৩১ | উপজেলা ভূমি অফিস, মধুপুর | টাঙ্গাইল | ঢাকা |
| ৩২ | উপজেলা ভূমি অফিস, রাজবাড়ী সদর | রাজবাড়ী | ঢাকা |
| ৩৩ | উপজেলা ভূমি অফিস, মুন্সিগঞ্জ সদর | মুন্সিগঞ্জ | ঢাকা |
| ৩৪ | সহকারি কমিশনার (ভূমি) এর কার্যালয়, গাজীপুর সদর | গাজীপুর | ঢাকা |

### পরিশিষ্ট-৫: বিশুদ্ধ খাবার পানির ব্যবস্থা নেই এমন ভূমি অফিসের তালিকা

| ক্রমিক নং | ভূমি অফিসের নাম | জেলা | বিভাগ |
|---|---|---|---|
| ১ | উপজেলা ভূমি অফিস, পটুয়াখালী সদর | পটুয়াখালী | বরিশাল |
| ২ | উপজেলা ভূমি অফিস, জামালপুর সদর | জামালপুর | ময়মনসিংহ |
| ৩ | উপজেলা ভূমি অফিস, বাগেরহাট সদর | বাগেরহাট | খুলনা |
| ৪ | সহকারী কমিশনার (ভূমি)-এর কার্যালয়, যশোর সদর | যশোর | খুলনা |
| ৫ | উপজেলা ভূমি অফিস, ঝিনাইদহ সদর | ঝিনাইদহ | খুলনা |
| ৬ | উপজেলা ভূমি অফিস, খাগড়াছড়ি সদর | খাগড়াছড়ি | চট্টগ্রাম |
| ৭ | উপজেলা ভূমি অফিস, সিলেট সদর | সিলেট | সিলেট |
| ৮ | উপজেলা ভূমি অফিস, মাদারীপুর সদর | মাদারীপুর | ঢাকা |

### পরিশিষ্ট-৬: তথ্য অনুসন্ধান কেন্দ্র নেই এমন ভূমি অফিসের তালিকা

| ক্রমিক নং | ভূমি অফিসের নাম | জেলা | বিভাগ |
|---|---|---|---|
| ১ | উপজেলা ভূমি অফিস, পটুয়াখালী সদর | পটুয়াখালী | বরিশাল |
| ২ | উপজেলা ভূমি অফিস, বরগুনা সদর | বরগুনা | বরিশাল |
| ৩ | উপজেলা ভূমি অফিস, জামালপুর সদর | জামালপুর | ময়মনসিংহ |
| ৪ | উপজেলা ভূমি অফিস, বাগেরহাট সদর | বাগেরহাট | খুলনা |
| ৫ | সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়, যশোর সদর | যশোর | খুলনা |
| ৬ | উপজেলা ভূমি অফিস, খাগড়াছড়ি সদর | খাগড়াছড়ি | চট্টগ্রাম |
| ৭ | উপজেলা ভূমি অফিস, সিলেট সদর | সিলেট | সিলেট |

### পরিশিষ্ট-৭: জেনারেটর বা বিদ্যুতের বিকল্প কোনো ব্যবস্থা নেই এমন ভূমি অফিসের তালিকা

| ক্রমিক নং | ভূমি অফিসের নাম | জেলা | বিভাগ |
|---|---|---|---|
| ১ | উপজেলা ভূমি অফিস, পটুয়াখালী সদর | পটুয়াখালী | বরিশাল |
| ২ | উপজেলা ভূমি অফিস, বরগুনা সদর | বরগুনা | বরিশাল |
| ৩ | উপজেলা ভূমি অফিস, নালিতাবাড়ী | শেরপুর | ময়মনসিংহ |
| ৪ | উপজেলা ভূমি অফিস, জামালপুর সদর | জামালপুর | ময়মনসিংহ |
| ৫ | উপজেলা ভূমি অফিস, লালমনির হাট সদর | লালমনিরহাট | রংপুর |
| ৬ | উপজেলা ভূমি অফিস, নীলফামারী সদর | নীলফামারী | রংপুর |
| ৭ | উপজেলা ভূমি অফিস, নাটোর সদর | নাটোর | রাজশাহী |
| ৮ | উপজেলা ভূমি অফিস, বাগেরহাট সদর | বাগেরহাট | খুলনা |
| ৯ | সহকারী কমিশনার (ভূমি)-এর কার্যালয়, খুলনা সদর | খুলনা | খুলনা |
| ১০ | সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়, যশোর সদর | যশোর | খুলনা |
| ১১ | উপজেলা ভূমি অফিস, চাঁদপুর সদর | চাঁদপুর | চট্টগ্রাম |
| ১২ | উপজেলা ভূমি অফিস, রাঙ্গামাটি সদর | রাঙ্গামাটি | চট্টগ্রাম |
| ১৩ | সদর সার্কেল ভূমি অফিস, চট্টগ্রাম মহানগর | চট্টগ্রাম | চট্টগ্রাম |
| ১৪ | উপজেলা ভূমি অফিস, সিলেট সদর | সিলেট | সিলেট |
| ১৫ | উপজেলা ভূমি অফিস, সাভার | ঢাকা | ঢাকা |
| ১৬ | উপজেলা ভূমি অফিস, মাদারীপুর সদর | মাদারীপুর | ঢাকা |
| ১৭ | উপজেলা ভূমি অফিস, ফরিদপুর সদর | ফরিদপুর | ঢাকা |
| ১৮ | উপজেলা ভূমি অফিস, মধুপুর | টাঙ্গাইল | ঢাকা |

### পরিশিষ্ট-৮: প্রতিবন্ধিতাসহ ব্যক্তিদের জন্য পৃথক শৌচাগার নেই এমন ভূমি অফিসের তালিকা

| ক্রমিক নং | ভূমি অফিসের নাম | জেলা | বিভাগ |
|---|---|---|---|
| ১ | উপজেলা ভূমি অফিস, পিরোজপুর সদর | পিরোজপুর | বরিশাল |
| ২ | উপজেলা ভূমি অফিস, বরিশাল সদর | বরিশাল | বরিশাল |
| ৩ | উপজেলা ভূমি অফিস, ঝালকাঠি সদর | ঝালকাঠি | বরিশাল |
| ৪ | উপজেলা ভূমি অফিস, পটুয়াখালী সদর | পটুয়াখালী | বরিশাল |
| ৫ | উপজেলা ভূমি অফিস, বরগুনা সদর | বরগুনা | বরিশাল |
| ৬ | উপজেলা ভূমি অফিস, নালিতাবাড়ী | শেরপুর | ময়মনসিংহ |
| ৭ | উপজেলা ভূমি অফিস, মুক্তাগাছা | ময়মনসিংহ | ময়মনসিংহ |
| ৮ | উপজেলা ভূমি অফিস, ময়মনসিংহ সদর | ময়মনসিংহ | ময়মনসিংহ |
| ৯ | উপজেলা ভূমি অফিস, জামালপুর সদর | জামালপুর | ময়মনসিংহ |
| ১০ | উপজেলা ভূমি অফিস, লালমনির হাট সদর | লালমনিরহাট | রংপুর |
| ১১ | উপজেলা ভূমি অফিস, গাইবান্ধা সদর, গাইবান্ধা | গাইবান্ধা | রংপুর |
| ১২ | উপজেলা ভূমি অফিস, নীলফামারী সদর | নীলফামারী | রংপুর |
| ১৩ | উপজেলা ভূমি অফিস, কুড়িগ্রাম সদর | কুড়িগ্রাম | রংপুর |
| ১৪ | উপজেলা ভূমি অফিস, দিনাজপুর সদর | দিনাজপুর | রংপুর |
| ১৫ | উপজেলা ভূমি অফিস, রংপুর সদর | রংপুর | রংপুর |
| ১৬ | উপজেলা ভূমি অফিস, বগুড়া সদর | বগুড়া | রাজশাহী |
| ১৭ | উপজেলা ভূমি অফিস, নাটোর সদর | নাটোর | রাজশাহী |
| ১৮ | উপজেলা ভূমি অফিস, চাঁপাইনবাবগঞ্জ সদর | চাঁপাইনবাবগঞ্জ | রাজশাহী |
| ১৯ | থানা ভূমি অফিস, বোয়ালিয়া | রাজশাহী | রাজশাহী |
| ২০ | উপজেলা ভূমি অফিস, বাগেরহাট সদর | বাগেরহাট | খুলনা |
| ২১ | উপজেলা ভূমি অফিস, কুষ্টিয়া সদর | কুষ্টিয়া | খুলনা |
| ২২ | সহকারী কমিশনার (ভূমি)-এর কার্যালয়, খুলনা সদর | খুলনা | খুলনা |

| ক্রমিক নং | ভূমি অফিসের নাম | জেলা | বিভাগ |
|---|---|---|---|
| ২৩ | সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়, যশোর সদর | যশোর | খুলনা |
| ২৪ | উপজেলা ভূমি অফিস, ঝিনাইদহ সদর | ঝিনাইদহ | খুলনা |
| ২৫ | উপজেলা ভূমি অফিস, চাঁদপুর সদর | চাঁদপুর | চট্টগ্রাম |
| ২৬ | উপজেলা ভূমি অফিস, পটিয়া | চট্টগ্রাম | চট্টগ্রাম |
| ২৭ | সদর সার্কেল ভূমি অফিস, চট্টগ্রাম মহানগর | চট্টগ্রাম | চট্টগ্রাম |
| ২৮ | কাট্টলী সার্কেল ভূমি অফিস, চট্টগ্রাম মহানগর | চট্টগ্রাম | চট্টগ্রাম |
| ২৯ | উপজেলা ভূমি অফিস, চকরিয়া | কক্সবাজার | চট্টগ্রাম |
| ৩০ | উপজেলা ভূমি অফিস, রাঙ্গামাটি সদর | রাঙ্গামাটি | চট্টগ্রাম |
| ৩১ | উপজেলা ভূমি অফিস, খাগড়াছড়ি সদর | খাগড়াছড়ি | চট্টগ্রাম |
| ৩২ | উপজেলা ভূমি অফিস, ব্রাহ্মণবাড়িয়া সদর | ব্রাহ্মণবাড়িয়া | চট্টগ্রাম |
| ৩৩ | উপজেলা ভূমি অফিস, সুনামগঞ্জ সদর | সুনামগঞ্জ | সিলেট |
| ৩৪ | উপজেলা ভূমি অফিস, সিলেট সদর | সিলেট | সিলেট |
| ৩৫ | উপজেলা ভূমি অফিস, শ্রীমঙ্গল | মৌলভীবাজার | সিলেট |
| ৩৬ | উপজেলা ভূমি অফিস, সাভার | ঢাকা | ঢাকা |
| ৩৭ | উপজেলা ভূমি অফিস, মাদারীপুর সদর | মাদারীপুর | ঢাকা |
| ৩৮ | উপজেলা ভূমি অফিস, কিশোরগঞ্জ সদর | কিশোরগঞ্জ | ঢাকা |
| ৩৯ | উপজেলা ভূমি অফিস, ফরিদপুর সদর | ফরিদপুর | ঢাকা |
| ৪০ | উপজেলা ভূমি অফিস, মধুপুর | টাঙ্গাইল | ঢাকা |
| ৪১ | উপজেলা ভূমি অফিস, রাজবাড়ী সদর | রাজবাড়ী | ঢাকা |
| ৪২ | উপজেলা ভূমি অফিস, মুন্সিগঞ্জ সদর | মুন্সিগঞ্জ | ঢাকা |
| ৪৩ | সহকারি কমিশনার (ভূমি) এর কার্যালয়, গাজীপুর সদর | গাজীপুর | ঢাকা |

### পরিশিষ্ট-৯: প্রতিবন্ধিতাসহ ব্যক্তিদের জন্য র‍্যাম্প সুবিধা নেই এমন ভূমি অফিসের তালিকা

| ক্রমিক নং | ভূমি অফিসের নাম | জেলা | বিভাগ |
|---|---|---|---|
| ১ | উপজেলা ভূমি অফিস, পিরোজপুর সদর | পিরোজপুর | বরিশাল |
| ২ | উপজেলা ভূমি অফিস, বরিশাল সদর | বরিশাল | বরিশাল |
| ৩ | উপজেলা ভূমি অফিস, ঝালকাঠি সদর | ঝালকাঠি | বরিশাল |
| ৪ | উপজেলা ভূমি অফিস, পটুয়াখালী সদর | পটুয়াখালী | বরিশাল |
| ৫ | উপজেলা ভূমি অফিস, বরগুনা সদর | বরগুনা | বরিশাল |
| ৬ | উপজেলা ভূমি অফিস, নালিতাবাড়ী | শেরপুর | ময়মনসিংহ |
| ৭ | উপজেলা ভূমি অফিস, মুক্তাগাছা | ময়মনসিংহ | ময়মনসিংহ |
| ৮ | উপজেলা ভূমি অফিস, ময়মনসিংহ সদর | ময়মনসিংহ | ময়মনসিংহ |
| ৯ | উপজেলা ভূমি অফিস, জামালপুর সদর | জামালপুর | ময়মনসিংহ |
| ১০ | উপজেলা ভূমি অফিস, গাইবান্ধা সদর, গাইবান্ধা | গাইবান্ধা | রংপুর |
| ১১ | উপজেলা ভূমি অফিস, নীলফামারী সদর | নীলফামারী | রংপুর |
| ১২ | উপজেলা ভূমি অফিস, কুড়িগ্রাম সদর | কুড়িগ্রাম | রংপুর |
| ১৩ | উপজেলা ভূমি অফিস, রংপুর সদর | রংপুর | রংপুর |
| ১৪ | উপজেলা ভূমি অফিস, নাটোর সদর | নাটোর | রাজশাহী |
| ১৫ | উপজেলা ভূমি অফিস, চাঁপাইনবাবগঞ্জ সদর | চাঁপাইনবাবগঞ্জ | রাজশাহী |
| ১৬ | উপজেলা ভূমি অফিস, কুষ্টিয়া সদর | কুষ্টিয়া | খুলনা |
| ১৭ | সহকারী কমিশনার (ভূমি)-এর কার্যালয়, খুলনা সদর | খুলনা | খুলনা |
| ১৮ | সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়, যশোর সদর | যশোর | খুলনা |
| ১৯ | উপজেলা ভূমি অফিস, ঝিনাইদহ সদর | ঝিনাইদহ | খুলনা |

| ক্রমিক নং | ভূমি অফিসের নাম | জেলা | বিভাগ |
|---|---|---|---|
| ২০ | উপজেলা ভূমি অফিস, লক্ষ্মীপুর সদর | লক্ষ্মীপুর | চট্টগ্রাম |
| ২১ | উপজেলা ভূমি অফিস, আদর্শ সদর | কুমিল্লা | চট্টগ্রাম |
| ২২ | উপজেলা ভূমি অফিস, চাঁদপুর সদর | চাঁদপুর | চট্টগ্রাম |
| ২৩ | উপজেলা ভূমি অফিস, পটিয়া | চট্টগ্রাম | চট্টগ্রাম |
| ২৪ | সদর সার্কেল ভূমি অফিস, চট্টগ্রাম মহানগর | চট্টগ্রাম | চট্টগ্রাম |
| ২৫ | কাট্টলী সার্কেল ভূমি অফিস, চট্টগ্রাম মহানগর | চট্টগ্রাম | চট্টগ্রাম |
| ২৬ | উপজেলা ভূমি অফিস, চকরিয়া | কক্সবাজার | চট্টগ্রাম |
| ২৭ | উপজেলা ভূমি অফিস, রাঙ্গামাটি সদর | রাঙ্গামাটি | চট্টগ্রাম |
| ২৮ | উপজেলা ভূমি অফিস, খাগড়াছড়ি সদর | খাগড়াছড়ি | চট্টগ্রাম |
| ২৯ | উপজেলা ভূমি অফিস, ব্রাহ্মণবাড়িয়া সদর | ব্রাহ্মণবাড়িয়া | চট্টগ্রাম |
| ৩০ | উপজেলা ভূমি অফিস, সুনামগঞ্জ সদর | সুনামগঞ্জ | সিলেট |
| ৩১ | উপজেলা ভূমি অফিস, সিলেট সদর | সিলেট | সিলেট |
| ৩২ | উপজেলা ভূমি অফিস, শ্রীমঙ্গল | মৌলভীবাজার | সিলেট |
| ৩৩ | উপজেলা ভূমি অফিস, সাভার | ঢাকা | ঢাকা |
| ৩৪ | উপজেলা ভূমি অফিস, মাদারীপুর সদর | মাদারীপুর | ঢাকা |
| ৩৫ | উপজেলা ভূমি অফিস, ফরিদপুর সদর | ফরিদপুর | ঢাকা |
| ৩৬ | উপজেলা ভূমি অফিস, মধুপুর | টাঙ্গাইল | ঢাকা |
| ৩৭ | উপজেলা ভূমি অফিস, রাজবাড়ী সদর | রাজবাড়ী | ঢাকা |
| ৩৮ | উপজেলা ভূমি অফিস, মুন্সিগঞ্জ সদর | মুন্সিগঞ্জ | ঢাকা |
| ৩৯ | সহকারি কমিশনার (ভূমি) এর কার্যালয়, গাজীপুর সদর | গাজীপুর | ঢাকা |

### পরিশিষ্ট-১০: কর্মচারীদের কর্মস্থলে উপস্থিতি নিশ্চিত করার জন্য বায়োমেট্রিক ব্যবস্থা নেই এমন ভূমি অফিসের তালিকা

| ক্রমিক নং | ভূমি অফিসের নাম | জেলা | বিভাগ |
|---|---|---|---|
| ১ | উপজেলা ভূমি অফিস, পিরোজপুর সদর | পিরোজপুর | বরিশাল |
| ২ | উপজেলা ভূমি অফিস, বরিশাল সদর | বরিশাল | বরিশাল |
| ৩ | উপজেলা ভূমি অফিস, ঝালকাঠি সদর | ঝালকাঠি | বরিশাল |
| ৪ | উপজেলা ভূমি অফিস, পটুয়াখালী সদর | পটুয়াখালী | বরিশাল |
| ৫ | উপজেলা ভূমি অফিস, বরগুনা সদর | বরগুনা | বরিশাল |
| ৬ | উপজেলা ভূমি অফিস, নালিতাবাড়ী | শেরপুর | ময়মনসিংহ |
| ৭ | উপজেলা ভূমি অফিস, মুক্তাগাছা | ময়মনসিংহ | ময়মনসিংহ |
| ৮ | উপজেলা ভূমি অফিস, ময়মনসিংহ সদর | ময়মনসিংহ | ময়মনসিংহ |
| ৯ | উপজেলা ভূমি অফিস, জামালপুর সদর | জামালপুর | ময়মনসিংহ |
| ১০ | উপজেলা ভূমি অফিস, গাইবান্ধা সদর, গাইবান্ধা | গাইবান্ধা | রংপুর |
| ১১ | উপজেলা ভূমি অফিস, নীলফামারী সদর | নীলফামারী | রংপুর |
| ১২ | উপজেলা ভূমি অফিস, কুড়িগ্রাম সদর | কুড়িগ্রাম | রংপুর |
| ১৩ | উপজেলা ভূমি অফিস, দিনাজপুর সদর | দিনাজপুর | রংপুর |
| ১৪ | উপজেলা ভূমি অফিস, রংপুর সদর | রংপুর | রংপুর |
| ১৫ | উপজেলা ভূমি অফিস, বগুড়া সদর | বগুড়া | রাজশাহী |
| ১৬ | উপজেলা ভূমি অফিস, নাটোর সদর | নাটোর | রাজশাহী |
| ১৭ | উপজেলা ভূমি অফিস, চাঁপাইনবাবগঞ্জ সদর | চাঁপাইনবাবগঞ্জ | রাজশাহী |
| ১৮ | থানা ভূমি অফিস, বোয়ালিয়া | রাজশাহী | রাজশাহী |
| ১৯ | উপজেলা ভূমি অফিস, বাগেরহাট সদর | বাগেরহাট | খুলনা |

| ক্রমিক নং | ভূমি অফিসের নাম | জেলা | বিভাগ |
|---|---|---|---|
| ২০ | উপজেলা ভূমি অফিস, সাতক্ষীরা সদর | সাতক্ষীরা | খুলনা |
| ২১ | উপজেলা ভূমি অফিস, কুষ্টিয়া সদর | কুষ্টিয়া | খুলনা |
| ২২ | সহকারী কমিশনার (ভূমি)-এর কার্যালয়, খুলনা সদর | খুলনা | খুলনা |
| ২৩ | সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়, যশোর সদর | যশোর | খুলনা |
| ২৪ | উপজেলা ভূমি অফিস, লক্ষ্মীপুর সদর | লক্ষ্মীপুর | চট্টগ্রাম |
| ২৫ | উপজেলা ভূমি অফিস, চাঁদপুর সদর | চাঁদপুর | চট্টগ্রাম |
| ২৬ | উপজেলা ভূমি অফিস, চকরিয়া | কক্সবাজার | চট্টগ্রাম |
| ২৭ | উপজেলা ভূমি অফিস, রাঙ্গামাটি সদর | রাঙ্গামাটি | চট্টগ্রাম |
| ২৮ | উপজেলা ভূমি অফিস, খাগড়াছড়ি সদর | খাগড়াছড়ি | চট্টগ্রাম |
| ২৯ | উপজেলা ভূমি অফিস, ব্রাহ্মণবাড়িয়া সদর | ব্রাহ্মণবাড়িয়া | চট্টগ্রাম |
| ৩০ | উপজেলা ভূমি অফিস, সুনামগঞ্জ সদর | সুনামগঞ্জ | সিলেট |
| ৩১ | উপজেলা ভূমি অফিস, সিলেট সদর | সিলেট | সিলেট |
| ৩২ | উপজেলা ভূমি অফিস, শ্রীমঙ্গল | মৌলভীবাজার | সিলেট |
| ৩৩ | উপজেলা ভূমি অফিস, মাদারীপুর সদর | মাদারীপুর | ঢাকা |
| ৩৪ | উপজেলা ভূমি অফিস, কিশোরগঞ্জ সদর | কিশোরগঞ্জ | ঢাকা |
| ৩৫ | উপজেলা ভূমি অফিস, ফরিদপুর সদর | ফরিদপুর | ঢাকা |
| ৩৬ | উপজেলা ভূমি অফিস, মধুপুর | টাঙ্গাইল | ঢাকা |
| ৩৭ | উপজেলা ভূমি অফিস, রাজবাড়ী সদর | রাজবাড়ী | ঢাকা |
| ৩৮ | উপজেলা ভূমি অফিস, মুন্সিগঞ্জ সদর | মুন্সিগঞ্জ | ঢাকা |
| ৩৯ | সহকারি কমিশনার (ভূমি) এর কার্যালয়, গাজীপুর সদর | গাজীপুর | ঢাকা |

## পরিশিষ্ট-১১: ব্রেস্টফিডিং কর্নার নেই এমন ভূমি অফিসের তালিকা

| ক্রমিক নং | ভূমি অফিসের নাম | জেলা | বিভাগ |
|---|---|---|---|
| ১ | উপজেলা ভূমি অফিস, পিরোজপুর সদর | পিরোজপুর | বরিশাল |
| ২ | উপজেলা ভূমি অফিস, ঝালকাঠি সদর | ঝালকাঠি | বরিশাল |
| ৩ | উপজেলা ভূমি অফিস, পটুয়াখালী সদর | পটুয়াখালী | বরিশাল |
| ৪ | উপজেলা ভূমি অফিস, বরগুনা সদর | বরগুনা | বরিশাল |
| ৫ | উপজেলা ভূমি অফিস, নালিতাবাড়ী | শেরপুর | ময়মনসিংহ |
| ৬ | উপজেলা ভূমি অফিস, মুক্তাগাছা | ময়মনসিংহ | ময়মনসিংহ |
| ৭ | উপজেলা ভূমি অফিস, ময়মনসিংহ সদর | ময়মনসিংহ | ময়মনসিংহ |
| ৮ | উপজেলা ভূমি অফিস, জামালপুর সদর | জামালপুর | ময়মনসিংহ |
| ৯ | উপজেলা ভূমি অফিস, গাইবান্ধা সদর, গাইবান্ধা | গাইবান্ধা | রংপুর |
| ১০ | উপজেলা ভূমি অফিস, নীলফামারী সদর | নীলফামারী | রংপুর |
| ১১ | উপজেলা ভূমি অফিস, কুড়িগ্রাম সদর | কুড়িগ্রাম | রংপুর |
| ১২ | উপজেলা ভূমি অফিস, দিনাজপুর সদর | দিনাজপুর | রংপুর |
